
# যশোর ইনস্টিটিউট, যশোর
# Jashore Institute, Jashore

Estd- 1928 Reg. No- 2754

15/M.M.ALI ROAD, KOTWALI, JASHORE-7400, BANGLADESH, Phone : 02477-761243, Web: jashoreinstitute.org.bd, E-mail: institutejashore@gmail.com

A MULTILATERAL CULTURAL AND EDUCATIONAL ORGANIZATION




# সংবিধান

(২০১৭ সালে সংশোধিত)

## যশোর ইন্‌সটিটিউট
## যশোর

সাধারণ সম্পাদক, যশোর ইনস্‌টিটিউট, যশোর কর্তৃক প্রকাশিত

যশোর ইনস্টিটিউট-০১

যশোর ইনস্টিটিউট, যশোর

এর

## সংবিধান

(০২-১০-১৯৬২ তারিখে গৃহীত এবং ০১-০৭-২০১৭ তারিখে সংশোধিত)

## সূচিপত্র

পৃষ্ঠা নং


১. অনুচ্ছেদ-এক : নামকরণ
২. অনুচ্ছেদ-দুই : উদ্দেশ্য
৩. অনুচ্ছেদ-তিন : সংজ্ঞা
৪. অনুচ্ছেদ-চার : কার্যাবলি
৫. অনুচ্ছেদ পাঁচ : সদস্যপদ
৬. অনুচ্ছেদ-ছয় : সদস্যপদের শর্তাবলি
৭. অনুচ্ছেদ-সাত : সদস্যপদ সম্পর্কিত আপত্তির শুনানী
৮. অনুচ্ছেদ-আট : সদস্যপদের বিলুপ্তি
৯. অনুচ্ছেদ-নয় : চাঁদা
১০. অনুচ্ছেদ-দশ : জামানত (কশন মানি)
১১. অনুচ্ছেদ-এগারো : সদস্যের ত্রুটি/অসঙ্গতি/খেলাপ
১২. অনুচ্ছেদ-বারো : পুনঃ সদস্যপদ গ্রহণ
১৩. অনুচ্ছেদ-তের : কর্তব্য/দায়িত্ব
১৪. অনুচ্ছেদ-চৌদ্দ : অধিকার ও সুযোগ-সুবিধা
১৫. অনুচ্ছেদ-পনের : নাট্যকলা সংসদের সুযোগ-সুবিধা
১৬. অনুচ্ছেদ-ষোল : লাইব্রেরি বিভাগের সুযোগ সুবিধা
১৭. অনুচ্ছেদ-সতের : ক্রীড়া সংসদের সুযোগ সুবিধা
১৮. অনুচ্ছেদ-আঠারো : ভোটাধিকার
১৯. অনুচ্ছেদ-উনিশ : পরিচালনা পর্ষদ
২০. অনুচ্ছেদ বিশ : পরিচালনা পর্ষদ গঠন
২১. অনুচ্ছেদ-একুশ : কর্মকর্তাবৃন্দ
২২. অনুচ্ছেদ-বাইশ : বিভাগীয় কমিটি
২৩. অনুচ্ছেদ-তেইশ : পরিচালনা পর্ষদের বিলোপ সাধন
২৪. অনুচ্ছেদ-চব্বিশ : পরিচালনা পর্ষদের সদস্য পদ থেকে অব্যাহতি (অপসারণ)
২৫. অনুচ্ছেদ-পঁচিশ : পরিচালনা পর্ষদের সদস্য সংযোজন
২৬. অনুচ্ছেদ-ছাব্বিশ : সভাপতির ক্ষমতা ও কার্যাবলি
২৭. অনুচ্ছেদ-সাতাশ : পরিচালনা পর্ষদের ক্ষমতা ও কার্যাবললি
২৮. অনুচ্ছেদ-আঠাশ : হিসাব নিরীক্ষা
২৯. অনুচ্ছেদ-উনত্রিশ : বার্ষিক সাধারণ সভা





৩০. অনুচ্ছেদ-ত্রিশ : বিশেষ অথবা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভা
৩১. অনুচ্ছেদ-একত্রিশ : তলবি সাধারণ সভা
৩২. অনুচ্ছেদ-বত্রিশ : পরিচালনা পর্ষদের তলবি সভা আহ্বান
৩৩. অনুচ্ছেদ-তেত্রিশ : কোরাম
৩৪. অনুচ্ছেদ-চৌত্রিশ : সভার বিজ্ঞপ্তি
৩৫. অনুচ্ছেদ-পঁয়ত্রিশ : সভা মুলতবি
৩৬. অনুচ্ছেদ-ছত্রিশ : মুলতবি সভা পুনঃ আহ্বান
৩৭. অনুচ্ছেদ-সাঁইত্রিশ : বার্ষিক সাধারণ সভার দায়িত্ব ও কার্যাবলি
৩৮. অনুচ্ছেদ-আটত্রিশ : পরিচালনা পর্ষদের নির্বাচন
৩৯. অনুচ্ছেদ-উনচল্লিশ : ভোট
৪০. অনুচ্ছেদ-চল্লিশ : পরিচালনা পর্ষদের নির্বাচন নীতি
৪১. অনুচ্ছেদ-একচল্লিশ : পরিচালনা পর্ষদের সদস্য পদের জন্য যাহারা প্রার্থী হইতে পারিবেন
৪২. অনুচ্ছেদ-বিয়াল্লিশ : মনোনয়নপত্র বাছাই
৪৩. অনুচ্ছেদ-তিতাল্লিশ : মনোনয়নপত্র প্রত্যাহার
৪৪. অনুচ্ছেদ-চুয়াল্লিশ : নির্বাচন তালিকা প্রণয়ন
৪৫. অনুচ্ছেদ-পঁয়তাল্লিশ : অফিসকার্য নির্বাহকদের নির্বাচন পদ্ধতি
৪৬. অনুচ্ছেদ-ছেচল্লিশ : ক্ষেত্র বিশেষে ভোট প্রদান সমান সমান হওয়ায় অনুসৃত নীতি
৪৭. অনুচ্ছেদ-সাতচল্লিশ : পরিচালনা পর্ষদ কর্তৃক দায়িত্ব অর্পণ
৪৮. অনুচ্ছেদ-আটচল্লিশ : অনাস্থা
৪৯. অনুচ্ছেদ-উনপঞ্চাশ : শৃঙ্খলা সম্পর্কীয় শাস্তিমূলক ব্যবস্থা
৫০. অনুচ্ছেদ-পঞ্চাশ : সংবিধানের সংশোধন
৫১. অনুচ্ছেদ-একান্ন : ইনস্টিটিউটের সম্পত্তির ব্যবস্থাপনা, পরিচালনা ও হস্তান্তর
৫২. অনুচ্ছেদ-বায়ান্ন : তহবিল
৫৩. অনুচ্ছেদ-তেপান্ন : বার্ষিক বাজেট বরাদ্দ
৫৪. অনুচ্ছেদ-চুয়ান্ন : মোকদ্দমা ও আইনগত কার্যক্রম
৫৫. অনুচ্ছেদ-পঞ্চান্ন : সংবিধানের কার্যকারিতা
৫৬. অনুচ্ছেদ-ছাপান্ন : বিলুপ্তি
৫৭. পরিশিষ্ট-১ : যশোর ইনস্টিটিউটের সদস্য তালিকাভুক্তির আবেদনপত্র
৫৮. পরিশিষ্ট-২ : সূত্র-অনুচ্ছেদ নং-৪১

যশোর ইনস্টিটিউট, যশোর

এর

# সংবিধান

(০২-১০-১৯৬২ তারিখে গৃহীত এবং ০১-০৭-২০১৭ তারিখে সংশোধিত)

## অনুচ্ছেদ-এক: নামকরণ

ইহা যশোর ইনস্টিটিউট, যশোর নামে পরিচিত হইবে এবং পরবর্তীতে বর্ণিত অপর তিনটি বিভাগের সমন্বয়ে গঠিত হইবে।

## অনুচ্ছেদ-দুই: উদ্দেশ্য

যশোর ইনস্টিটিউট, যশোর এর উদ্দেশ্য তথা প্রয়াস হইল এই জেলার সামগ্রিক সাংস্কৃতিক কেন্দ্র হিসাবে ইহার বিকাশ ঘটানো। এই লক্ষ্যকে সামনে রাখিয়া ইহার সকল সদস্যের সুযোগ-সুবিধা নিশ্চিত করা, যাহাতে তাহাদের মধ্যে পারস্পারিক সম্পর্ক শারীরিক, নৈতিক, শিক্ষাগত ও সাংস্কৃতিক উন্নতি সাধিত হয় এবং সাধারণ মানুষদের শিক্ষা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে উৎসাহিত করা। ইহা ছাড়া অপরাপর বিষয় যথা সুস্থ শরীর, মন ও মননের জন্য অপরিহার্য, তৎসম্পর্কে পরিপূরক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা।

## অনুচ্ছেদ-তিন: সংজ্ঞা

এই অনুচ্ছেদে বর্ণিত নিম্নলিখিত শর্তাবলি বৃহত্তর অসামঞ্জস্যতা ব্যতিরেকে উল্লিখিত অর্থে ব্যবহৃত হইবে।

(ক) ইনস্টিটিউট অর্থাৎ "যশোর ইনস্টিটিউট"

(খ) সদস্যবৃন্দ অর্থে দাতা, সদস্য, আজীবন সদস্য, সাধারণ সদস্যবৃন্দ এবং এই ইনস্টিটিউটের অন্যান্য বিভাগের পুরুষ ও মহিলা উভয় শ্রেণীর সদস্যদেরকে বুঝাইবে।

(গ) "সাধারণ সদস্য" বলিতে দাতা সদস্য, আজীবন সদস্য এবং এই প্রতিষ্ঠানের সাধারণ বিভাগে চাঁদা প্রদানকারী সদস্য ও পদাধিকারবলে সভাপতিকে বুঝাইবে।

(ঘ) "সাধারণ বিভাগ" বলিতে এই প্রতিষ্ঠানের সকল শাখা/বিভাগকে বুঝাইবে।

(ঙ) "সাধারণ সভা" বলিতে এই প্রতিষ্ঠানের নিয়মিত স্থায়ী সাধারণ সদস্যদের সভাকে বুঝাইবে।

(চ) "বিশেষ সাধারণ সভা" অর্থে প্রতিষ্ঠানের সাধারণ সদস্যদের বিশেষ পরিস্থিতিতে সভাকে (এক্সট্রা অর্ডিনারী) বুঝাইবে।

(ছ) "পরিচালনা পর্ষদ" অর্থে প্রতিষ্ঠানের কার্যনির্বাহী কমিটিকে বুঝাইবে যাহা একটি নির্দিষ্ট সময়ের জন্য যথাযথভাবে নির্ধারিত এবং এই কমিটিতে পদাধিকার বলে সভাপতি এবং অন্য এক একাধিক শুন্য পদে পূরণকারী সদস্য বা সদস্যবৃন্দকে বুঝাইবে।

(জ) "পরিচালনা পর্ষদ" অর্থে পরিচালনা পর্ষদের সাধারণ অথবা জরুরি সভাকে বুঝাইবে।



(ঝ) "বিভাগীয় কমিটি" অর্থে সংশ্লিষ্ট শাখার কমিটিকে বুঝাইবে।

(ঞ) "সঙ্গীত" অর্থে কন্ঠ ও যন্ত্র সঙ্গীত বুঝাইবে।

(ট) "বৎসর" অর্থে অর্থ বৎসরকে বুঝাইবে।

(ঠ) "যোগ্য সদস্য" অর্থে ভোট প্রদানে যোগ্য সদস্যকে বুঝাইবে।

(ড) "নিয়মিত স্থায়ী সদস্য" অর্থে যে সকল সদস্য তালিকাভুক্তি হইতে ছয় মাস পর্যন্ত চাঁদা প্রদান করিয়াছেন তাহাদের বুঝাইবে।

(ঢ) "মাস" অর্থে ইংরেজী পঞ্জিকা মাস বুঝাইবে।

(ণ) "বিশেষ কমিটি" অর্থে পরিচালনা পর্ষদ অথবা সাধারণ সদস্যদের সভায় মনোনীত কমিটিকে বুঝাইবে।

(ত) "উপ-কমিটি" অর্থে কোন নির্দিষ্ট বিষয়ের জন্য বিভাগীয় কমিটি বা বিশেষ কমিটি কর্তৃক নিযুক্ত/গঠিত কমিটিকে বুঝাইবে।

(থ) "দায়" অর্থে ইনস্টিটিউটের মাসিক বকেয়া চাঁদা, পাওনা অর্থ, ঋণ, কোন সম্পত্তির ক্ষয়ক্ষতি বাবদ বা বই বা ইনস্টিটিউটের কোন কিছু হারানো বাবদ বকেয়া অর্থকে বুঝাইবে। ইনস্টিটিউটের গঠনতন্ত্রের সহিত সামঞ্জস্যপূর্ণ ও পরিপূরক অর্থে ব্যবহারযোগ্য গঠনতন্ত্রের নিম্ন বর্ণিত ধারা ও উপধারা সমূহ ব্যবহৃত হইবে।

## অনুচ্ছেদ-চার: কার্যাবলি

এই ইনস্টিটিউটের তিনটি স্বতন্ত্র বিভাগ থাকিবে। তবে এইগুলি পরিচালনা পর্ষদের সাধারণ নির্দেশ, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে পরিচালিত হইবে। উল্লিখিত তিনটি বিভাগ একত্রে সাধারণ বিভাগ বলিয়া পরিগণিত হইবে।

### নিম্নলিখিতভাবে বিভাগগুলি গঠিত হইবে:

০১। যশোর ইনস্টিটিউট পাবলিক লাইব্রেরি (পাঠাগার বিভাগ)

০২। যশোর ইনস্টিটিউট ক্রীড়া সংসদ (ক্লাব বিভাগ)

০৩। যশোর ইনস্টিটিউট নাট্যকলা সংসদ (নাটক বিভাগ)

উপরোক্ত বিভাগগুলি নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করিবে:

### ০১। যশোর ইনস্টিটিউট পাবলিক লাইব্রেরি

(ক) পাবলিক লাইব্রেরি ও মুক্ত পাঠকক্ষের ব্যবস্থাপনা নিশ্চিত করা।

(খ) পাঠাগার কার্যাবলি গঠন ও প্রনয়ন।

(গ) আলোচনা ও বিতর্ক সভার আয়োজন করা।

(ঘ) রচনা প্রতিযোগিতার ব্যবস্থা করা।

(ঙ) বক্তৃতা ও বক্তৃতা সিরিজের আয়োজন করা।

(চ) সাহিত্য বিষয়ক সাময়িকী ও সাপ্তাহিক পত্রিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ।

(ছ) ষান্মসিক সাহিত্য ও কলা প্রদর্শনীর আয়োজন।

(জ) বাহিরে প্রতিনিধি প্রেরণ।

(ঝ) শিশু কিশোরদের জন্য চাঁদা মুক্ত বিভাগ পরিচালনা করা।

### ০২। যশোর ইনস্টিটিউট ক্রীড়া সংসদ

(ক) আন্তকক্ষ ও বহিঃকক্ষ সকল প্রকার খেলাধুলার বিধি প্রনয়নের মাধ্যমে পরিচালনা করা।
(খ) আন্ত ও বহিঃ কক্ষ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন ও পরিচালনা করা।
(গ) সুইমিং পুলসহ জনসাধারণ, মহিলা ও শিশুদের জন্য পার্ক প্রতিষ্ঠা করা।
(ঘ) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।
(ঙ) একটি ব্যায়ামাগার প্রতিষ্ঠাসহ শারীরিক, সাংস্কৃতিক ও শরীর চর্চা প্রদর্শনীর আয়োজন করা।
(চ) শিশুদের ক্রীড়ার ব্যবস্থা করা।
(ছ) জেলার অভ্যন্তরে ও বাহিরে একক অথবা দলগতভাবে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করা।
(জ) শিশু-কিশোর শাখা পরিচালনা করা।
(ঝ) শিশু চিত্ত বিনোদন কেন্দ্র পরিচালনা করা।
(ঞ) সকল বহিঃ ক্রীড়া যেমন-ফুটবল, হকি, ক্রিকেট, ভলিবল, বাস্কেটবল ও টেনিস খেলায় টাউনক্লাব যশোরের নামে অংশ গ্রহণ করা।
(ট) বাহিরে প্রতিনিধি প্রেরণ করা।
(ঠ) যশোর ইনস্টিটিউটের এলাকার মধ্যে একটি প্রাথমিক শিশু বিদ্যালয় করা যাহা প্রাথমিক বিদ্যালয়, যশোর ইনস্টিটিউট নামে পরিচিত হইবে।

### ০৩। যশোর ইনস্টিটিউট নাট্যকলা সংসদ

(ক) নাটক মঞ্চায়ন ও প্রদর্শন।
(খ) সাংস্কৃতিক অনুষ্ঠান ও সঙ্গীতসহ অন্যান্য বিচিত্রানুষ্ঠানের আয়োজন।
(গ) সঙ্গীত প্রতিযোগিতার আয়োজন করা সহ সঙ্গীতের উপর বিভিন্ন আলোচনা অনুষ্ঠান।
(ঘ) একটি সঙ্গীত বিদ্যালয় পরিচালনা।
(ঙ) প্রতিযোগিতায় অংশ গ্রহণ বা কোন আলোচনায় যোগদানের নিমিত্তে জেলার অভ্যন্তরে বা বাহিরে শিল্পী প্রেরণ।
(চ) বাহিরে প্রতিনিধি প্রেরণ।

## অনুচ্ছেদ পাঁচ: সদস্যপদ

চাঁদা ও দানের হারের উপর ভিত্তি করিয়া এই প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) শ্রেণীর সদস্য থাকিবে। দাতা, আজীবন, সাধারণ, বিভাগীয় ও অবৈতনিক।
উপরোক্ত শ্রেণীর সদস্যপদ স্ব স্ব সুযোগ সুবিধা নিম্নে বর্ণিত হইল:

### দফা:

(ক) **দাতা সদস্য:** যে কোন ব্যক্তি, যিনি এই প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা বা তাহার অধিক আর্থিক সাহায্য প্রদান করিবেন তিনি দাতা সদস্য পদে যোগ্য বিবেচিত হইবেন। এই প্রক্রিয়ায় অর্জিত দাতা সদস্য-এর মৃত্যুর পর তাহার আইনগত উত্তরাধীকারী এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সমুদয় সুযোগ সুবিধা ও অধিকার ভোগ করিবেন।



এই প্রতিষ্ঠানের দুইজন প্রধান দাতা রহিয়াছেন ঃ যাঁহাদের বদান্যতার ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত এবং বিকাশ লাভ করিয়াছে। তাহারা হইলেন মেসার্স বি. সরকার এবং এ.সি সরকার, এ্যাডভোকেট, যশোর। এই ব্যক্তিদ্বয় অথবা তাহাদের অবর্তমানে তাহাদের প্রত্যেকের একজন মনোনীত আইনগত উত্তরাধিকারী এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সমুদয় অধিকার ও সুযোগ সুবিধা ভোগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। উল্লেখ্য, আইনগত উত্তরাধিকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) **আজীবন সদস্য:** যে কোন ব্যক্তি, যিনি এই প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নে এককালীন ১০,০০০ (দশ হাজার) টাকা বা তাহার অধিক আর্থিক সাহায্য প্রদান করিবেন তিনি আজীবন সদস্য পদে যোগ্য বিবেচিত হইবেন এবং তাহার জীবদ্দশায় কেবল এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সকল অধিকার, সুযোগ সুবিধা ভোগ করিবেন।

(গ) **সাধারণ সদস্য:** এই প্রতিষ্ঠানে ভর্তি ফি বাবদ ২০০ (দুইশত) টাকা, জামানত বাবদ ৫০০ (পাঁচশত) টাকা এবং মাসিক চাঁদা ৩০ (ত্রিশ) টাকা চাঁদা প্রদান এবং এই প্রতিষ্ঠানের সাধারণ দিক নির্দেশনা ও সদস্য মনোনয়নের বিধি মোতাবেক যে কোন ব্যক্তি সদস্যপদ লাভ করিতে পারিবেন।

(ঘ) **বিভাগীয় সদস্য:** যে কোন ব্যক্তি নিম্নে বর্ণিত হারে ভর্তি ফি ও এক মাসের মাসিক চাঁদা প্রদানের মাধ্যমে এই প্রতিষ্ঠানের যে কোন একটি নির্দিষ্ট বিভাগের বা শাখার সদস্যপদ লাভ করিতে পারিবেন।

| বিভাগ বা শাখার নাম | ভর্তি ফি'র হার | মাসিক চাঁদার হার |
|---|---|---|
| লাইব্রেরি বিভাগ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |
| ক্রীড়া সংসদ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |
| নাট্যকলা সংসদ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |

(ঙ) **অবৈতনিক সদস্য:** অবৈতনিক সদস্যপদ এই প্রতিষ্ঠানের "পরিচালনা পর্ষদ" জাতীয়তা নির্বিশেষে বা জাতিগত সীমাবদ্ধতার উর্ধ্বে থাকিয়া যে কোন প্রথিতযশা বিদগ্ধ ব্যক্তিকে প্রদান করিবেন।

(চ) দাতা সদস্য, আজীবন সদস্য এবং সাধারণ সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি/সমমান থাকা বাধ্যতামূলক।

## অনুচ্ছেদ-ছয়: সদস্যপদের শর্তাবলি

(ক) অনুচ্ছেদ পাঁচ-এ বর্ণিত ক, খ, গ ও ঘ শ্রেণীর সদস্য পদের জন্য একমাত্র বাংলাদেশের নাগরিকগণ যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(খ) সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান পাশ হইতে হইবে। তবে আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে কোন ব্যক্তি অবদান ও স্বীকৃতি থাকিলে তাহার শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। তবে উক্ত ব্যক্তির সদস্যপদ যশোর ইনস্টিটিউট পরিচালনা পর্ষদের সভায় অনুমোদন করাইয়া লইতে হইবে।

(গ) উপরে বর্ণিত দফা-ক এর শর্ত পূরণ সাপেক্ষে যে কোন ব্যক্তি এই প্রতিষ্ঠানের দাতা, আজীবন, সাধারণ সদস্য বা যে কোন বিভাগের সদস্যপদের জন্য একটি

সুনির্দিষ্ট ফরমে পরিশিষ্ট-১ (ফরম নং-১), দুইজন সদস্যের সমর্থনে (একজন প্রস্তাবকারী ও একজন সমর্থনকারী) উপরে বর্ণিত অনুচ্ছেদ-পাঁচ এর ক, খ ও গ শ্রেণীর সদস্য পদের জন্য সাধারণ সম্পাদক এবং "ঘ" শ্রেণীর সদস্য পদের জন্য বিভাগীয় সম্পাদক বরাবর (যেটি প্রয়োজন) সদস্যপদ লাভ করার জন্য আবেদন করিবেন।

দাতা, আজীবন বা সাধারণ সদস্য পদের তালিকাভুক্তির আবেদনপত্র প্রাপ্তির পর সাধারণ সম্পাদক এবং বিভাগীয় সদস্য পদের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সম্পাদক উক্ত আগ্রহী সদস্যের আবেদনপত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে সাধারণ শাখার নোটিশ বোর্ডে এবং অন্যান্য শাখার সদস্যের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া রাখিবেন। যদি এইরূপ সদস্য পদের জন্য কোন দাতা, আজীবন বা সাধারণ সদস্য কোন আপত্তি উত্থাপন না করেন তাহা হইলে সদস্য পদের জন্য আগ্রহী ব্যক্তির আবেদনপত্র বিজ্ঞপ্তির স্থানে ঝুলাইবার ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অনুচ্ছেদ-পাঁচ-এ বর্ণিত ক, খ ও গ এর সদস্যের ক্ষেত্রে সাধারণ সম্পাদক কর্তৃক এবং ঘ সদস্যের ক্ষেত্রে বিভাগের সম্পাদক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চূড়ান্ত অনুমোদনের পর সদস্যপদ প্রদান করা হইবে। সদস্য পদের আবেদন প্রাপ্তির ৩৫ দিনের মধ্যে পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং তাহার ফলাফল সংশ্লিষ্ট সদস্য পদ প্রার্থীকে ১৫ দিনের মধ্যে লিখিতভাবে ব্যক্তিগত চিঠির মাধ্যমে অবহিত করিবেন।

প্রত্যাখ্যাত বা নাকচকৃত আবেদনপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারী কমপক্ষে ৫ জন সাধারণ সদস্যের সমর্থন অর্জন করিয়া সাধারণ সম্পাদক বরাবর পরবর্তী বার্ষিক সাধারণ সভায় তাহার আবেদন পুনঃ বিবেচনার জন্য আপীল করিতে পারিবেন। পরিচালনা পর্ষদ কর্তৃক প্রত্যাখাত সকল আবেদনপত্র সাধারণ সম্পাদক পরবর্তী বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সবিস্তারে উত্থাপন করিবেন।

(ঘ) নিয়মিত ছাত্রের ক্ষেত্রে সদস্যপদ অনুমোদিত হইবে না। তবে এই প্রতিষ্ঠানের অন্যান্য বিভাগীয় সদস্যপদ যেমন লাইব্রেরি বিভাগ, নাট্যকলা সংসদ, ক্রীড়া সংসদের বহিঃবিভাগীয় বিষয় ইত্যাদির ক্ষেত্রে সদস্যপদ অভিপ্রেত ও অনুমোদিত। তবে ঐ ক্ষেত্রে বর্তমান তপশীলের ক ও খ দফায় বর্ণিত বিধি সাপেক্ষে সদস্যকে অভিভাবকের এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সম্মতিপত্র উপস্থাপন করিতে হইবে।

(ঙ) এই প্রতিষ্ঠানে সদস্য লাভের জন্য সর্বনিম্ন বয়স ২১ বৎসর। বিশেষ অবস্থার ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদনের পর বয়স সীমা শিথিলযোগ্য (বিভাগীয় সদস্যদের ক্ষেত্রে এই বয়স সীমা প্রযোজ্য নহে)।

(চ) এই প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারী কোনক্রমেই কোন সদস্য পদের জন্য আবেদন করিতে পারিবেন না।

(ছ) বক্ষমান অনুচ্ছেদ-এর "খ" দফায় নিহিত বিধান মোতাবেক নূতন সদস্যপদের তালিকাভুক্তির নির্দেশ মোতাবেক আবেদনকারী কর্তৃক গ্রহণের দিন হইতে ৬০ দিন পর্যন্ত বহাল ও বৈধ থাকিবে। ৬০ দিনের মধ্যে যদি চাঁদা প্রদান করিয়া সদস্য পদ গ্রহণ করিতে ব্যর্থ হন তাহা হইলে সদস্য হিসাবে তালিকার্ভুক্তির আদেশ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।



## অনুচ্ছেদ-সাত: সদস্যপদ সম্পর্কিত আপত্তির শুনানী

উপরে বর্ণিত অনুচ্ছেদ পাঁচ-এর ক, খ অথবা গ ধারায় বর্ণিত কোন সদস্য যদি কোন সাধারণ সদস্য বা বিভাগীয় সদস্যের তালিকাভুক্তির ক্ষেত্রে সদস্য পদের আবেদনপত্র বিজ্ঞপ্তির স্থানে ঝুলাইবার দিন হইতে ৭ দিনের মধ্যে কোন আপত্তি উত্থাপন করেন তাহা হইলে উহা আবেদনকারীকে ও আপত্তি উত্থাপনকারীকে ৭ দিনের বিজ্ঞপ্তি প্রদানে উহার শুনানী হইবে এবং পরিচালনা পর্ষদ বিষয়টি নিস্পত্তি করিবেন। সদস্যপদ ভর্তির ক্ষেত্রে কোন আপত্তির উদ্ভব হইলে সদস্য পদে ভর্তির আবেদনপত্র বিজ্ঞপ্তির স্থানে ঝুলাইবার ৭ দিন পর কোন আপত্তি হইলে, তাহা কোনক্রমেই গ্রহণযোগ্য হইবে না। এই ক্ষেত্রে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে যতক্ষণ না পর্যন্ত আপীলে তাহার বিপরীত ফলোদ্ভব হয়। উপরে বর্ণিত আপত্তি নিস্পত্তির ক্ষেত্রে যদি পরিচালনা পর্ষদ কোন সুনির্দিষ্ট সময় নির্ধারণে আগ্রহী হন, তাহা হইলে উক্ত পরিষদ আপত্তি গ্রহণের তারিখ হইতে এক মাসের মধ্যে বিষয়টি নিস্পত্তি করিবেন।

## অনুচ্ছেদ-আট: সদস্যপদের বিলুপ্তি

সকল শ্রেণীর সদস্যপদ নিম্নবর্ণিত উপায়ে বিলুপ্ত হইবে।

### দফা

(ক) সাধারণ সম্পাদক অথবা বিভাগীয় সম্পাদক বরাবর লিখিত পদ ত্যাগ পত্র পেশ ও তাহা গ্রহণের মাধ্যমে।

(খ) অনুচ্ছেদ-১১-এ বর্ণিত বিধি মোতাবেক কোন সদস্য যদি পর পর তিন মাসের মাসিক চাঁদা প্রদানে অপরাগতা প্রদর্শন করেন (ইহা পাঁচ নং অনুচ্ছেদের (ক) ও (খ) শ্রেণীর সদস্যদের বেলায় প্রযোজ্য হইবে না)

(গ) অনুচ্ছেদ ৪৯ এর বিধি বলে কোন সদস্যকে বহিস্কারের মাধ্যমে।

(ঘ) অনুচ্ছেদ-পাঁচ-এর "(ক)" ধারার সদস্য পদের ব্যতিক্রম সাপেক্ষে কোন সদস্য।

(ঙ) জাতীয়তা পরিবর্তনকারী কোন সদস্য।

(চ) অনুচ্ছেদ-পাঁচ এর (ক) ব্যতিরেকে মৃত্যু বা মস্তিস্ক বিকৃতি ঘটিলে।

## অনুচ্ছেদ-নয়: চাঁদা

অনুচ্ছেদ-পাঁচ এর (গ) ও (ঘ) ধারায় বর্ণিত সদস্যদের দেয় চাঁদা ঐ সকল সদস্যদের প্রত্যেক ইংরেজি পঞ্জিকা মাসের যাহার জন্য চাঁদা প্রাপ্য রহিয়াছে, তাহা পরিশোধযোগ্য। যদি কোন সদস্য তাহার সদস্য পদ প্রত্যাহার করিতে চান তাহা হইলে মাসের ৭ (সাত) তারিখের মধ্যে তাহাকে সাধারণ সম্পাদক বরাবর আবেদন করিতে হইবে। নতুবা তাহাকে সম্পূর্ণ মাসের চাঁদা প্রদান করিতে হইবে।

## অনুচ্ছেদ-দশ: জামানত (কশন মানি)

### দফা

(১) সাধারণ বিভাগ, লাইব্রেরি বিভাগ, ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের ভর্তি ফি বাবদ ২০০ (দুইশত) টাকা এবং জামানত বাবদ সাধারণ বিভাগ ও লাইব্রেরি বিভাগের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের জন্য ২০০ (দুইশত) টাকা প্রদান করিতে হইবে এবং বিভাগওয়ারি সদস্যবৃন্দের

জন্য মাসিক চাঁদা ২০ (বিশ) টাকা প্রদান করিতে হইবে। কেবলমাত্র লাইব্রেরি বিভাগের দরিদ্র ছাত্র/ছাত্রীদের জন্য এই জামানত সাধারণ সম্পাদকের অনুমোদনক্রমে কম গ্রহণ করা যাইবে, তবে কোনক্রমেই ৩০০ (তিনশত) টাকার কম হইবে না।

(২) সদস্যপদ চলিয়া গেলে এই জামানতের অর্থ ফিরাইয়া দেওয়া হইবে। কোন সদস্যের প্রতিষ্ঠানকে দেয় দায়-দেনা যদি জামানতের অর্থের বেশি না হয়, তাহা হইলে সমানুপাতিক হারে তাহা পরিশোধযোগ্য। কিন্তু দায়-দেনার অংক জামানতের অর্থের (কশন মানির) বেশি হইলে সে ক্ষেত্রে জামানতের অর্থের (কশন মানির) সমুদয় টাকা এই প্রতিষ্ঠানের অনুকূলে বাজেয়াপ্ত হইবে। অনুচ্ছেদ আট-এ বর্ণিত বিধি অনুযায়ী সদস্যপদ বিলুপ্তির ৩ (তিন) বৎসরের মধ্যে কোন সদস্য যদি জামানতের দাবি না করেন, তাহা হইলে ঐরূপ অর্থ প্রতিষ্ঠানে বাজেয়াপ্ত হইবে।

## অনুচ্ছেদ-এগারো: সদস্যের ত্রুটি/অসঙ্গতি/খেলাপ

কোন সদস্য ৩ (তিন) মাসের চাঁদা প্রদানে ব্যর্থ হইলে তাহার সদস্য পদ বাতিল হইয়া যাইবে এবং এই ধরনের খেলাপকারী সদস্যের নাম সাধারণ সদস্যের তালিকা হইতে সাধারণ সম্পাদক এবং বিভাগীয় সদস্যের তালিকা হইতে বিভাগীয় সম্পাদক অপসারণ করিবেন।

প্রত্যেক মাসের শুরুতে সাধারণ সম্পাদক অথবা বিভাগীয় সম্পাদক তাহাদের স্ব স্ব নোটিশবোর্ডে খেলাপকারী সদস্যদের নামের তালিকা প্রকাশ করিবেন। খেলাপের দায়ে কোন সদস্যের সদস্যপদচ্যুত করিবার ক্ষেত্রে উক্ত সদস্যকে রেজিস্টার্ড এ/ডি ডাকযোগে তাহার ঠিকানায় ১৫ দিনের নোটিশ প্রদান করিতে হইবে। এই রেজিস্টার্ড খরচের অংক খেলাপকারী সদস্যের নিকট হইতে তাহার সমুদয় বকেয়া পাওনাসহ আদায় করা হইবে।

## অনুচ্ছেদ-বারো: পুনঃ সদস্যপদ গ্রহণ

### দফা

(ক) অনুচ্ছেদ-এগারো-এর সংযুক্ত বিধি মোতাবেক খেলাপের দায়ে কোন সদস্য অপসারিত হইলে উক্ত সদস্যকে তাহার পূর্ববর্তী দায় দেনা আদায় সাপেক্ষে রেজিস্ট্রি খরচসহ তিন মাসের চাঁদা নতুন সদস্য হিসাবে প্রচলিত শর্ত ও নিয়মে তাহার নাম তালিকা ভুক্ত করা হইবে।

(খ) পুনঃ সদস্যপদ গ্রহণের ক্ষেত্রে পুনরায় ভর্তিপ্রাপ্ত সদস্যকে নতুন সদস্য হিসাবে গন্য করা হইবে।

## অনুচ্ছেদ-তের: কর্তব্য দায়িত্ব

সুষ্ঠু শৃংখলা বজায় রাখিবার স্বার্থে সকল সদস্যকে এই প্রতিষ্ঠানের সংবিধানের ধারা, নিয়ম নীতি ও উপবিধি সমূহ অবশ্যই মানিয়া চলিতে হইবে। কোন সদস্য অবশ্যই এমন কোন কর্মে নিজেকে সংযুক্ত করিতে পারিবেন না যাহাতে প্রতিষ্ঠানের স্বার্থ ও সুনাম বিনষ্ট হয়। সংবিধানের কোন ধারা বা নিয়ম নীতি বা উপবিধি ভংগকারী সদস্যের বিরুদ্ধে অনুচ্ছেদ ৪৯ এর বিধান মোতাবেক শৃংখলা রক্ষার স্বার্থে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।



## অনুচ্ছেদ-চৌদ্দ: অধিকার ও সুযোগ-সুবিধা

### দফা

(ক) প্রতিষ্ঠানের দাতাগণ অথবা তাহাদের আইনগত উত্তরাধিকারীগণ আজীবন সদস্য, সাধারণ সদস্য সবাই অনুচ্ছেদ ১৫, ১৬ ও ১৭, বিবরণীতে বিবৃত বিধান মোতাবেক সকল বিভাগের অধিকার ও সুযোগ সুবিধা ভোগের অধিকারী হইবেন।

(খ) বিভাগীয় সদস্যগণ তাহাদের স্ব স্ব সংশ্লিষ্ট বিভাগের যাবতীয় অধিকার ও সুবিধা ভোগ করিবার আইনগত অধিকার থাকিবে।

## অনুচেছদ-পনের: নাট্যকলা সংসদের সুযোগ-সুবিধা

### দফা

(ক) নাটক মঞ্চায়নে অংশ গ্রহণ

(খ) সাংস্কৃতিক অনুষ্ঠান, সংগীতানুষ্ঠান, যন্ত্রসংগীত তথা বিভিন্ন বিচিত্রানুষ্ঠানে অংশ গ্রহণ।

(গ) সংগীত প্রতিযোগিতায় অংশ গ্রহণ।

(ঘ) নাটক বিভাগ কর্তৃক আয়োজিত কোন মঞ্চস্থ নাটক শুধু মাত্র সরকারি রাজস্ব প্রদানের মাধ্যমে উপভোগ করা।

(ঙ) বিভাগীয় বিভিন্ন বিষয় ও কার্যবিবরণীতে অংশ গ্রহণ।

## অনুচ্ছেদ-ষোল: লাইব্রেরি বিভাগের সুযোগ সুবিধা

### দফা

(ক) সাহিত্য বিষয়ক বিতর্ক ও আলোচনায় অংশ গ্রহণ।

(খ) লাইব্রেরির প্রবর্তিত বিধিমালা সাপেক্ষে গ্রন্থাগার হইতে বিভিন্ন সাময়িকী ও বই পুস্তক ধার গ্রহণ।

(গ) শাখার বিভিন্ন বিষয় ও কার্যবিবরণীতে অংশ গ্রহণ।

বিঃ দ্রঃ পাঠকক্ষ সবার জন্য উন্মুক্ত।

## অনুচ্ছেদ-সতের: ক্রীড়া সংসদের সুযোগ সুবিধা

(ক) সবরকম ক্রীড়া ও খেলাধূলায় অংশ গ্রহণ।

(খ) সকল বহিঃ বিভাগীয় খেলায় অংশ গ্রহণ। কেবল মাত্র নৈশকালীন সময়ে টেনিস ও ব্যাডমিন্টনের জন্য সময়বিশেষ ফি অথবা চাঁদা প্রদান করিতে হইবে।

(গ) বিভাগ কর্তৃক আয়োজিত বিনা খরচে সদিচ্ছা ফুটবল প্রতিযোগিতা অথবা অন্যান্য খেলাধূলায় অংশগ্রহণ অথবা এমন কোন অবস্থা যেখানে এই প্রতিষ্ঠান একটি দল হিসাবে অবস্থান করিতেছে, সেখানে সেই দলে অংশগ্রহণ।

## অনুচ্ছেদ-আঠারো: ভোটাধিকার

(ক) প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ (কার্য নির্বাহী) নির্বাচনে সাধারণ সভা ব্যতিত প্রত্যেক সদস্যের সাধারণ বা বিশেষ সাধারণ সভায় ভোটাধিকার সংরক্ষিত থাকিবে। পরিচালনা পর্ষদ নির্বাচনে এই ধরণের সভার জন্য তাহার চাঁদা সভাঅনুষ্ঠানের পূর্ববর্তী মাস পর্যন্ত অবশ্যই সম্পূর্ণ পরিশোধ করিতে হইবে এবং এই ধরণের

সদস্যকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী ছয় মাস হইতে নিয়মিত স্থায়ী সদস্য হইতে হইবে।

(খ) প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ নির্বাচন নির্ধারিত বৎসরে সাধারণতঃ ইংরেজি ফেব্রুয়ারি মাসের মধ্যে অনুষ্ঠিত হইবে এবং প্রতিষ্ঠানের সাধারণ সদস্যবৃন্দকে ঐ বৎসর জানুয়ারি মাস পর্যন্ত অথবা ৭ই জানুয়ারির পূর্বে সম্পূর্ণ চাঁদা পরিশোধ করিতে হইবে। পরিচালনা পর্ষদ নির্বাচনের যোগ্য ভোটারের নিশ্চয়তা বিধানের জন্য ''সার্টিফিকেট অফ পোষ্টিং" এর অধীনে উক্ত বৎসরের জানুয়ারি মাস পর্যন্ত চাঁদা পরিশোধের শেষ তারিখ ও সময় পরিষ্কার ভাবে উল্লেখ করিয়া প্রতিষ্ঠানের প্রত্যেক নিয়মিত স্থায়ী সাধারণ সদস্যবৃন্দকে ১৫ দিনের নোটিশ দিতে হইবে।

## অনুচ্ছেদ-উনিশঃ পরিচালনা পর্ষদ

প্রতিষ্ঠানের প্রশাসন, পরিচালনা, নিয়ন্ত্রন ও তত্ত্বধানের যাবতীয় দায়িত্ব প্রতিষ্ঠানের পদাধিকার বলে সভাপতি সহ অন্যান্য সাধারণ সদস্যদের মধ্যে হইতে নিম্নবর্ণিত ভাবে গঠিত ২১ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের উপর অর্পিত হইবে।

## অনুচ্ছেদ বিশঃ পরিচালনা পর্ষদ গঠন

(ক) নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে লইয়া পরিচালনা পর্ষদ গঠিত হইবে :

(১) সভাপতি (পদাধিকার বলে)

(২) তিন জন সহ-সভাপতি।

(৩) সাধারণ সম্পাদক।

(৪) দুই জন সহকারী সাধারণ সম্পাদক।

(৫) তিন জন বিভাগীয় সম্পাদক।

(৬) এগার জন সদস্য।

সভাপতি পদাধিকারবলে তার অফিসের পরিচালনার দায়িত্বে থাকিবেন এবং সাধারণ সদস্যের মধ্যে হইতে ২০ (বিশ) জন সদস্য নির্বাচিত হইবেন।

## অনুচ্ছেদ-একুশঃ কর্মকর্তাবৃন্দ

### দফা

(ক) সভাপতি পদাধিকার বলে জেলা প্রশাসক, যশোর একই সাথে প্রতিষ্ঠানের ও পরিচালনা পর্ষদের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(খ) পরিচালনা পর্ষদ নির্বাচিত সদস্যদের মধ্য হইতে তিন জন সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, দুই জন সহকারী সাধারণ সম্পাদক এবং তিন জন বিভাগীয় সম্পাদক, পরিচালনা পর্ষদ দ্বারা নির্বাচিত হইবেন।

## অনুচ্ছেদ-বাইশঃ বিভাগীয় কমিটি

### দফা

(ক) পরিচালনা পর্ষদ কর্তৃক বিভাগীয় কমিটি মনোনীত হইবে এবং প্রত্যেক বিভাগীয় কমিটি ১১ জন সদস্য লইয়া গঠিত হইবে, তন্মধ্যে সাধারণ সম্পাদক পদাধিকার বলে সভাপতি হিসাবে, বিভাগীয় সম্পাদক এবং তিন জন পরিচালনা পর্ষদের সদস্য থাকিবেন এবং অবশিষ্ট সদস্যদেরকে সাধারণ সদস্যদের মধ্য হইতে লওয়া হইবে। যাহারা বিশেষভাবে সংশ্লিষ্ট বিভাগীয় কাজে উৎসাহী। বিভাগীয়



কমিটিতে প্রয়োজন বোধে অতিরিক্ত সদস্য সংযুক্ত করা যাইবে। কিন্তু এই সদস্য সংখ্যা ৪ জনের অধিক হইবে না এবং ৪ জনের ২ জন অবশ্যই বিভাগীয় সদস্য হইবে। পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে বিভাগীয় কমিটি ইচ্ছামত বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ নিয়োগ করিতে পারিবে।

(খ) পরিচালনা পর্ষদ দ্বারা মনোনীত ১১ (এগার) জন সদস্য বিশিষ্ট বিশেষ কমিটি দ্বারা শিশুচিত্ত বিনোদন কেন্দ্র পরিচালিত হইবে যাহার মধ্যে একজন সহ-সভাপতি পদাধিকার বলে সভাপতি হইবেন। সাধারণ সম্পাদক এবং তিনজন বিভাগীয় সম্পাদক পদাধিকার বলে সদস্য এবং পরিচালনা পর্ষদের একজন সদস্য বিশেষ কমিটির সম্পাদক হইবেন।

(গ) পরিচালনা পর্ষদ দ্বারা মনোনীত এগার সদস্য বিশিষ্ট বিশেষ কমিটি দ্বারা টাউন ক্লাব পরিচালিত হইবে যাহাতে একজন সহ-সভাপতি পদাধিকার বলে সভাপতি, পরিচালনা পর্ষদের একজন সদস্য ক্লাবের সম্পাদক এবং একজন সহ সাধরণ সম্পাদক পদাধিকার বলে সদস্য হইবেন। উপরোক্ত পরিচালনা পর্ষদ একজন সদস্য ঐ বিশেষ কমিটির সম্পাদক হইবেন। কমিটি তার নিজস্ব সহকারী সম্পাদক নির্বাচিত করিবেন।

(ঘ) প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ প্রত্যক্ষ তত্ত্বধায়নে এবং নিয়ন্ত্রণে গঠিত বিশেষ কমিটি দ্বারা যশোর ইনস্টিটিউট এর প্রাথমিক বিদ্যালয়টি পরিচালিত ও সংরক্ষিত হইবে।

## অনুচ্ছেদ-তেইশঃ পরিচালনা পর্ষদের বিলোপ সাধন

নিম্নবর্ণিত যে কোন একটি কারণে পরিচালনা পর্ষদ স্থায়ী বিলুপ্তি ঘটবে এবং এইরূপ বিলুপ্তির ক্ষেত্রে যশোর ইনস্টিটিউট এর প্রশাসন আপনা আপনি সভাপতির উপরে অর্পিত হইবে এবং তিনি নিম্নে বর্ণিত অনুচ্ছেদ (ক) ও (খ) এর ক্ষেত্রে উল্লেখিত তারিখ হইতে ২ মাসের মধ্যে নতুন ভাবে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করিবেন। এবং নির্বাচনের তারিখ হইতে ১৫ দিনের মধ্যে পরিচালনা পর্ষদ নির্বাচিত সদস্যদের লইয়া নিম্নবর্ণিত (গ) অনুচ্ছেদ অনুযায়ী অফিস কর্মকর্তাদের নির্বাচনের জন্য সভার আয়োজন করিবেন (সভা ডাকিবেন)।

### দফা

(ক) সংবিধানে উল্লেখিত ধারা মোতাবেক পরিচালনা পর্ষদের বিরুদ্ধে এবং পরিচালতি কোন অনাস্থা প্রস্তাবের কারণে।

(খ) সংবিধানের ধারা মোতাবেক যখন পরিচালনা পর্ষদ নির্ধারিত সময়ের মধ্যে সাধারণ নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হয়।

(গ) নতুন পরিচালনা পর্ষদের সদস্য নির্বাচনের তারিখের পরের দিন।

## অনুচ্ছেদ-চব্বিশঃ পরিচালনা পর্ষদের সদস্য পদ থেকে অব্যাহতি (অপসারণ)

পরিচালনা পর্ষদের কোন সদস্য পদ শুন্য বলিয়া বিবেচনা করা হইবে তখনইঃ

### দফা

(ক) যখন কোন সদস্য সভাপতি বরাবরে লিখিত ভাবে তার পদত্যাগ দাখিল করিবেন এবং তাহা সভাপতি কর্তৃক গৃহীত হইবে।

(খ) যখন কোন সদস্য লিখিতভাবে এক নাগাড়ে অনধিক ৩ (তিন) মাসের ছুটি না

লাইয়া পরিচালনা পর্ষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন, তবে স্বাস্থ্যগত কারণে আরো তিন মাসের ছুটি বর্ধিত করা যাইতে পারে।

(গ) অনুচ্ছেদ আট- এর ধারা মোতাবেক সদস্যপদ বাতিল করণ।

## অনুচ্ছেদ-পঁচিশ: পরিচালনা পর্ষদের সদস্য সংযোজন

### দফা

(ক) অনুচ্ছেদ ২৪ এ বর্ণিত কারণ সাপেক্ষে পরিচালনা পর্ষদের কোন সদস্যপদ শুন্য হইলে, সদস্যপদ শুন্য হইবার ১ (এক) মাসের মধ্যে পরিচালনা পর্ষদ পরবর্তী সাধারণ সভায় এই মর্মে অবহিত করিয়া নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন ইনস্টিটিউট এর সদস্যদের মধ্য হইতে পরিচালনা পর্ষদে সদস্য সংযোজন করিবেন।

(১) ঐ সদস্য-এর গত নির্বাচনের ভোটার তালিকায় ভোটার হিসাবে অবশ্যই নাম থাকিতে হইবে।

(২) পরিচালনা পর্ষদের সদস্য হইবার যোগ্য, যোগ্যতা সদস্যের অবশ্যই থাকিতে হইবে।

(৩) গত নির্বাচন হইতে ঐ সদস্যের অবিচ্ছিন্ন সদস্যপদ থাকিতে হইবে।

## অনুচ্ছেদ-ছাব্বিশ: ক্ষমতা ও কার্যাবলি

### ''ক'' সভাপতি

(১) সভাপতি পরিচালনা পর্ষদের সকল সভায়, বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা ও অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভায় সভাপতিত্ব করিবার আইনগত অধিকার সংরক্ষণ করেন।

(২) তিনি প্রয়োজনের প্রেক্ষিতে যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে এই প্রতিষ্ঠানের সামগ্রিক স্বার্থের উন্নয়ন ও উপযোগিতা নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ দান করিতে পারিবেন।

(৩) সমান ফলাফলের ক্ষেত্রে সভাপতি তাহার ভোটাধিকার প্রয়োগ করিতে পরিবেন।

(৪) সভাপতি অনুচ্ছেদ ২৩ ও ৪৭ এ বর্ণিত বিষয়গুলি এবং তাহার দাপ্তরিক কাজের সঙ্গে প্রাসঙ্গিকভাবে সম্পৃক্ত এমন বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ের দায়িত্ব পালন করিবেন।

(৫) সভাপতি পরিচালনা পর্ষদের যে কোন সদস্যকে অনাস্থা প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সদস্য ইস্তফা না দিলে বরখাস্ত করিতে পারিবেন।

(৬) পরিচালনা পর্ষদের অনুচ্ছেদ ৪৯ এর বিধান সাপেক্ষে কোন সদস্য-এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হইলে সভাপতি সংশ্লিষ্ট সদস্যের সদস্য পদ স্থগিত ঘোষণা বা অপসারণ করিতে পরিবেন।

(৭) সাধারণ সম্পাদক সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদে উল্লেখিত বিধান মোতাবেক বিশেষ সাধারণ সভা অথবা পরিচালনা পর্ষদের সভা আহবানে ব্যর্থ হইলে সভাপতি,সভা আহবান করিতে পারিবেন।

### ''খ'' সহ-সভাপতি বৃন্দ:

সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিবৃন্দ তাহাদের জৌষ্ঠতা ক্রমানুসারে এই অনুচ্ছেদের ''ক'' দফার (খ) (ঘ) (ঙ) (চ) উপধারা ব্যাতিরেকে সভাপতির অন্যান্য দায়িত্ব ও কর্তব্য পালন করিতে পরিবেন।



### 'গ'' সাধারণ সম্পাদক

(১) সাধারণ সম্পাদক পরিচালনা পর্ষদের সকল বিষয়গুলির দায়িত্ব পালন করিবেন।

(২) সাধারণ সম্পাদক সংবিধান, বিধি অথবা উপবিধি অথবা পরিচালনা পর্ষদ কর্তৃক অর্পিত ক্ষমতা অথবা ইনস্টিটিউটের সাধারণ সদস্য কর্তৃক যে কোন সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালনে সচেষ্ট হইবেন যথা:-

(ক) ইনস্টিটিউট-এর সদস্যদের সকল সাধারণ সভার ও পরিচালনা পর্ষদের সভার কার্যাবিবরণী যথাযথভাবে সংরক্ষণ করিবেন।

(খ) ইনস্টিটিউটের সকল আসবাবপত্র, সাজসরঞ্জাম,লাইব্রেরি,বিভিন্ন দলিল পত্রাদি এবং অন্যান্য সম্পত্তির যথাযথ দেখাশোনা করিবেন।

(গ) ইনস্টিটিউটের সকল প্রকার পত্র বিনিময় নিশ্চিত করিবেন।

(ঘ) ইনস্টিটিউটের বিভিন্ন তহবিলের হিসাব সংরক্ষণ করিবেন।

(ঙ) সকল পাওনা সংগ্রহ ও ইনস্টিটিউটের পক্ষ হইতে রশিদের মাধ্যমে সমুদয় দেয় পাওনা গ্রহণ করিবেন।

(চ) পরিচালনা পর্ষদের সকল সভা, সাধারণ সভা, বিশেষ সভা, অতীব জরুরি সভার বিজ্ঞপ্তি সমূহ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(ছ) ইনস্টিটিউট এর নির্বাচনের তারিখ যথাযথভাবে বিজ্ঞপ্তি করিবেন।

(জ) বিভিন্ন টীকা স্মারক লিপি, প্রতিবেদন, বিবরণী এবং ইনস্টিটিউটের সঙ্গে সম্পৃক্ত পরিসংখ্যান প্রস্তুত করিবেন।

(ঝ) সাংগঠনিকভাবে ক্ষমতাবান হইয়া এবং পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে সাধারণ সম্পাদকের বাৎসরিক বাজেটে যে কোন বিলের খরচাদির অনুমোদন করিতে পারিবেন।

(ঞ) প্রাথমিক বিদ্যালয়সহ ইনস্টিটিউটের বাৎসরিক বাজেট পরিচালনা পর্ষদে পেশ করিবেন।

(ট) সদস্য রেজিস্টার রক্ষাণাবেক্ষণ করিবেন।

(ঠ) প্রদত্ত শর্ত অথবা ক্ষমতা সাপেক্ষে উপযুক্ত রশিদ গ্রহণ করিয়া সাধারণ সম্পাদক সকল খরচাদি নির্বাহ করিবেন।

(ড) ইনস্টিটিউট এর বিভিন্ন বিভাগীয় সম্পাদকের অধিযাচন পত্রের পরিপ্রেক্ষিতে সাধারণ সম্পাদক বাজেটে বরাদ্দকৃত অর্থের বাহিরেও বিভিন্ন বিভাগে তাহাদের স্ব স্ব খরচ সমূহ নির্বাহের জন্য প্রয়োজনীয় তহবিল বা অর্থ অগ্রিম প্রদান করিতে পারিবেন। এই সকল বরাদ্দকৃত অর্থ অগ্রিম প্রদানের তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে সমন্বয় করিতে হইবে।

(৩) সাধারণ সম্পাদক পরিচালনা পর্ষদের সহিত আলোচনা করিয়া ও উহার অনুমোদন গ্রহণ করিয়া ইনস্টিটিউটের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং এই প্রতিবেদনের মুদ্রিত কপি বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির সহিত সদস্যবৃন্দের নিকট পাঠাইবেন। উল্লেখ্য যে, প্রতিবেদনে পূর্ববর্তী বৎসরের সমুদয় হিসাবের নিরীক্ষা বিবরণী সংযুক্ত থাকিবে এবং ইহা বিবেচনার জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থাপিত হইবে।

(৪) পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে সাধারণ সম্পাদক প্রয়োজনানুসারে লাইব্রেরিয়ান, করণিক ইত্যাদি পদে নিয়োগ দান করিবেন এবং তাহাদের দায়িত্ব

ও কর্তব্যের পরিধি নির্ধারণ করিবেন। এই সকল কর্মচারীদের চাকুরি প্রয়োজন বোধে সাময়িক ভাবে স্থগিত করিতে পারিবেন এবং তাহাদের বেতনাদি ভাতাদি অন্যান্য সুযোগ সুবিধা বাজেটে বর্ণিত বিধান মোতাবেক প্রদান করিতে পারিবেন।

(৫) পরিচালনা পর্ষদের অনুমোদন লাভ করিয়া সাধারণ সম্পাদক পিওন বা দপ্তরি বা এই শ্রেণির কর্মচারী নিয়োগ, সাময়িকভাবে তাহাদের চাকুরি স্থগিতকরণ বা চাকুরি থেকে অব্যাহতিকরণ বা তাহাদের বেতন, বিভিন্ন ভাতাদি ও সুযোগ সুবিধা বাজেটে সংযোজিত নিয়মে প্রদান করিতে পারিবেন।

### "ঘ" সহকারী সাধারণ সম্পাদকবৃন্দ:

(১) সাধারণ সম্পাদককে তাহার সমুদয় দায়িত্ব ও কার্যাবলিতে সহায়তা দান করা এবং সাধারণ সম্পাদক কর্তৃক লিখিত সুস্পষ্ট ভাবে অর্পিত দায়িত্ব সমূহ সহকারী সাধারণ সম্পাদকগণ পালন করিবেন।

(২) অগ্রগামিতার ক্রম অনুসারে একজন সহকারী সাধারণ সম্পাদক নিম্নে বর্ণিত উপধারা (ক) হইতে (গ) এ বর্ণিত দায়িত্ব সমূহের অধীন কার্যভার (সাবোর্ডিনেট চার্জ) গ্রহণ করিবেন। অপর সহকারী সাধারণ সম্পাদক নিম্নে (ঘ) হইতে (চ) উপধারায় বর্ণিত দায়িত্ব সমূহের অধীন কার্যভার গ্রহণ করিবেন। যথা:

উপধারা:

(ক) যশোর ইনস্টিটিউটের সংস্থাপন শাখার দায়িত্বভার গ্রহণ করিবেন।

(খ) ইনস্টিটিউটের সকল অর্থিক হিসাব-নিকাশ পরীক্ষা নিরীক্ষা ও তদারক এবং অডিট আপত্তি সমূহ মোবাবিলা করিবেন।

(গ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতির কারণে সহকারী সাধারণ সম্পাদক লাইব্রেরি বিভাগীয় কমিটিতে সভাপতির দায়িত্ব পালনসহ সাধারণ সম্পাদকের সমুদয় ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন এবং অপর সহকারী সাধারণ সম্পাদক নিম্নলিখিত দায়িত্ব পালন করিবেন।

(ঘ) দাপ্তরিক সকল প্রকার যোগাযোগ ও চিঠিপত্র আদান প্রদান সংক্রান্ত দায়িত্ব পালন করিবেন।

(ঙ) পরিচালনা পর্ষদ ও সাধারণ সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন।

(চ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে ইনস্টিটিউটের ক্লাব কমিটি ও নাটক কমিটিতে সভাপতির দায়িত্ব পালন সহ সমুদয় দায়িত্ব ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

### "ঙ" বিভাগীয় কমিটি সমূহ:

(১) বিভাগীয় কমিটি এবং তাহাদের সম্পাদকগণ স্ব স্ব বিভাগের সুষ্ঠু-ব্যবস্থাপনার জন্য নীতিগতভাবে দায়ী থাকিবেন। প্রত্যেক বিভাগ তাহাদের সম্ভাব্য ও প্রার্থীত আয়ের উৎস এবং ইনস্টিটিউটের সাধারণ তহবিল হইতে সম্ভাব্য অনুদান প্রাপ্তির ও সংশ্লিষ্ট বিভাগের গোটা বৎসরের খরচ নির্বাহ প্রভৃতি বিষয়ে বিশেষ দৃষ্টি প্রদান করিয়া বাৎসরিক বাজেট নিরূপন ও নির্ধারণ করিবেন। এইরূপ নির্ধারণকৃত বাজেট প্রতি আর্থিক বৎসরের ১৫ই মে-এর মধ্যে সাধারণ সম্পাদক বরাবরে পেশ করিতে হইবে।



(২) বিভাগীয় কমিটিগুলি তাহাদের নিজ নিজ বিভাগের সুষ্ঠু, সাবলিল ও দক্ষ ব্যবস্থাপনার প্রতি লক্ষ্য রাখিয়া কর্তব্যে ব্রতী হইবেন। ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের অনুমোদন পূর্বক বিভাগীয় কমিটিগুলি স্ব স্ব বিভাগের সুষ্ঠু ও দক্ষ প্রশাসন নিশ্চিত করিবার জন্য উপবিধি ও বিধি প্রনয়ন করিতে পারিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, উপরিল্লিখিত উদ্দেশ্যে প্রনয়নকৃত বিধি বা উপবিধি কোনক্রমেই সংবিধান বহির্ভূত হইতে পারিবে না অথবা ইনস্টিটিউটের সামগ্রিক লক্ষ্য ও স্বার্থ পরিপন্থী হইতে পারিবে না। এই সকল বিধি ও উপবিধি ইনস্টিটিউটের সদস্যবৃন্দের মধ্যে বিলিবন্টন ও প্রচার করিতে হইবে।

(৩) ইনস্টিটিউটের ক্লাব ও নাটক কমিটিগুলি তাহাদের স্ব স্ব বিভাগে প্রয়োজনবোধে অতিথি খেলোয়াড় এবং অতিথি শিল্পী গ্রহণ করিতে পারিবেন।

### অনুচ্ছেদ-সাতাশ: পরিচালনা পর্ষদের ক্ষমতা ও কার্যাবলি

যশোর ইনস্টিটিউটের সংবিধানের পরিপন্থী কোন কার্যক্রম ব্যতিরেকে পরিচালনা পর্ষদে সংবিধানের বিভিন্ন অনুচ্ছেদে বর্ণিত প্রদত্ত ক্ষমতা উপভোগ করিতে পারিবেন। যেমন:

(১) এই পর্ষদ ইনস্টিটিউটের বিশেষ সভায় সদস্যদিগকে কোন জরুরি বিশেষ বিষয়ে আলেচনা ও আলোকপাত করিবার জন্য নিয়োগ প্রদান করিতে পারিবেন।

(২) ইনস্টিটিউটে তাহাদের দ্বারা গৃহীত কার্যক্রম নিয়ন্ত্রণ এবং অপরাপর বিষয়গুলির সরাসরি দিক নির্দেশনা ও তদারক করিবার অধিকার এই পর্ষদের থাকিবে।

(৩) ইনস্টিটিউটের নতুন পদ সৃষ্টি অথবা প্রয়োজনীয় বলিয়া পরিগণিত হইলে কর্মচারী নিয়োগ, তাহাদের দায়িত্ব ও কার্যাবলির পরিধি নির্ধারণ, সাময়িকভাবে ঐ সকল কর্মচারীর চাকুরি স্থগিতকরণ বা বরখাস্তকরণ এবং তাহাদের বেতন, ভাতা সমূহ অথবা বিভিন্ন সুযোগ-সুবিধা বাজেটে সন্নিবেশিত ব্যবস্থা যা শর্ত সাপেক্ষে বিধান করিবার অধিকার পরিচালনা পর্ষদের রহিয়াছে।

(৪) ইনস্টিটিউটের সুষ্ঠু প্রশাসন ব্যবস্থা ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করিবার লক্ষ্যে এই পর্ষদ সংবিধানের বিভিন্ন অনুচ্ছেদে বর্ণিত বিধি-বিধান ও অনুসৃত শর্তের পরিপন্থী নহে এমন যে কোন বিধি বা উপবিধি প্রণয়ন করিতে পারিবেন। তবে এইরূপ প্রণয়নকৃত বিধি বা উপবিধি অবশ্যই সকল সদস্যের অবগতির জন্য প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) ইনস্টিটিউটের আদর্শ ও উদ্দেশ্য সফল করিবার স্বার্থে বিভিন্ন প্রকল্প পরিকল্পনা গ্রহণ ও তাহার সাময়িক বাস্তবায়ন ত্বরান্বিত করা।

(৬) সাধারণ সম্পাদক কর্তৃক প্রণয়নকৃত বার্ষিক বাজেট প্রয়োজনবোধে কিঞ্চিৎ রদবদল করিয়া অনুমোদন করা।

(৭) জনজীবনের বিভিন্ন ক্ষেত্রে, সম্মেলনে এবং কোন প্রতিষ্ঠানে এই ইনস্টিটিউটের প্রতিনিধিত্ব করিবার জন্য সদস্য মনোনয়ন।

(৮) জরুরি অবস্থায় বার্ষিক বাজেট বহির্ভূত কোন বিভাগের অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ মঞ্জুরী অথবা প্রয়োজনীয় খরচ সংকুলানের জন্য অর্থ বরাদ্দ করা।

(৯) নিরীক্ষাকৃত হিসাব নিকাশের প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন করা।

### অনুচ্ছেদ-আঠাশ: হিসাব নিরীক্ষা

ইনস্টিটিউটের আর্থিক হিসাব নিকাশ পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগ প্রাপ্ত একজন চাটার্ড একাউন্টেন্ট দ্বারা নিরীক্ষিত হইবে। ইহাতে প্রয়োজনীয় পারিশ্রামিক ইনস্টিটিউট বহন করিবে।

### অনুচ্ছেদ-উনত্রিশ: বার্ষিক সাধারণ সভা

পরিচালনা পর্ষদ যে সময় ও যে স্থান নির্ধারণ করিবেন অনুরূপ স্থান ও সময়ে প্রতি বৎসর জানুয়ারী মাসে ইনস্টিটিউটের সাধারণ সদস্যদের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। কিন্তু কোন কারণে অথবা নির্দিষ্ট সংখ্যক সদস্যের অনুপস্থিতিতে কোরাম না হওয়া জনিত কারণে সভা মুলতবি বা স্থগিত থাকিলে এই বর্ধিত সভা ৩৬নং অনুচ্ছেদের বিধান মতে মুলতবির দিন হইতে এক মাসের মধ্যে অনুষ্ঠিত হইবে।

### অনুচ্ছেদ-ত্রিশ: বিশেষ অথবা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভা

বার্ষিক সাধারণ সভা ছাড়াও সাধারণ সদস্যদের বিশেষ বা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভা কেবলমাত্র বিশেষ বিষয় বা পরিস্থিতির উদ্ভব হইলে বৎসরের যে কোন সময় আহ্বান করা যাইতে পারে।

### অনুচ্ছেদ-একত্রিশ: তলবি সাধারণ সভা

ইনস্টিটিউটের স্থায়ী যোগ্য সাধারণ সদস্যদের ১/৪ ভাগ সদস্য লিখিত আবেদনে স্বাক্ষর করিয়া সাধারণ সম্পাদক বরাবরে উপস্থাপন করিয়া পরিচালনা পর্ষদ অথবা ইহার যে কোন কর্মকর্তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব অথবা বিশেষ কোন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য সাধারণতঃ এই সভা আহ্বান করা যাইতে পারে। স্থায়ী যোগ্য সাধারণ সদস্যদের অধিযাচনকৃত প্রার্থীত সাধারণ সভা, স্বাক্ষরকৃত বিজ্ঞপ্তি প্রাপ্তির সাত দিনের মধ্যে, পনের দিনের বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে সাধারণ সম্পাদক আহ্বান করিবেন।

### অনুচ্ছেদ-বত্রিশ: পরিচালনা পর্ষদের তলবি সভা আহ্বান

ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের ১/৩ ভাগ সদস্য লিখিত বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করিয়া সাধারণ সম্পাদক বরাবরে উপস্থাপন করিয়া পরিচালনা পর্ষদের কোন কর্মকর্তার বিরুদ্ধে আনীত কোন অনাস্থা প্রস্তাব সম্বন্ধে অথবা বিশেষ গুরুত্বপূর্ণ জরুরি বিষেয় আলোচনার জন্য সাধারণতঃ এই জাতীয় বিশেষ সভা আহ্বান করা হয়। উল্লেখ্য যে এই জাতীয় অধিযাচনকৃত বিশেষ সভা সাধারণ সম্পাদক পরিচালনা পর্ষদের ১/৩ ভাগ সদস্য কর্তৃক স্বাক্ষরযুক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির সাত দিনের মধ্যে সাত দিনের বিজ্ঞপ্তি জারির মাধ্যমে আহ্বান করিবেন।

### অনুচ্ছেদ-তেত্রিশ: কোরাম

(১) যশোর ইনস্টিটিউটের বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা অথবা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভাসমূহে ভোটাধিকার রহিয়াছে এমন সদস্যের শতকরা ১০ ভাগ উপস্থিত থাকিলে কোরাম পূর্ণ হইয়াছে এবং পরিচালনা পর্ষদ ও বিভাগীয় কমিটি সভার ক্ষেত্রে সংখ্যাগরিষ্ট সদস্য উপস্থিত থাকিলে কোরাম পূর্ণ হইয়াছে বলিয়া গণ্য করা হইবে।



(২) পরিচালনা পর্ষদের সভা আহ্বানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের মোট সদস্য এর ১/৩ ভাগ সদস্য সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠন করিতে পারিবেন।

(৩) বিভাগীয় কমিটির ক্ষেত্রে বিভাগীয় কমিটির মোট সদস্যের ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠিত হইবে।

(৪) যে কোন সাধারণ সভায় সংবিধানের কোন অনুচ্ছেদ, নিয়ম, উপধারা, পরিবর্তন, সংশোধন, আশিংক রদ-বদল, বিলুপ্তি অথবা কোন নিয়মের বিকল্প সংযোজন ঘটাইতে চাহিলে মোট উপস্থিত সদস্যের সংখ্যা গরিষ্ঠের সম্মতি থাকিতে হইবে।

(৫) পরিচালনা পর্ষদের কোন সদস্যের বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাবের উপর কোন বিশেষ আলোচনার ক্ষেত্রে উক্ত পরিষদের মোট সদস্যের ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।

### অনুচ্ছেদ-চৌত্রিশ: সভার বিজ্ঞপ্তি

ইনস্টিটিউটের নির্বাচন সংক্রান্ত সাধারণ সভা ব্যতিরেকে সাধারণ সদস্যদের বার্ষিক সাধারণ সভা আহ্বানের ক্ষেত্রে চৌদ্দ দিনের বিজ্ঞপ্তি প্রত্যেক সদস্যকে প্রদান করিতে হইবে। ইনস্টিটিউটের সাধারণ সদস্যদের বিশেষ সভা অথবা অতীব গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠানের জন্য প্রতিটি সদস্যকে সাত দিনের বিজ্ঞপ্তি প্রদান করিতে হইবে। পরিচালনা পর্ষদের সভা আহ্বানের ক্ষেত্রে দুই দিনের এবং জরুরি সভা আহ্বানের ক্ষেত্রে ২৪ ঘন্টার বিজ্ঞপ্তি পরিচালনা পর্ষদের সদস্যদেরকে অবহিত করিবার জন্য প্রদান করিতে হইবে। বিভাগীয় কমিটির সভা সাধারণতঃ দুই দিনের এবং জরুরি অথবা গুরুত্বপূর্ণ প্রয়োজনে ২৪ ঘন্টার বিজ্ঞপ্তি বিভাগীয় কমিটির সদস্যদেরকে প্রদান করিতে হইবে।

পরিচালনা পর্ষদের নির্বাচন সংক্রান্ত সাধারণ সভা আহ্বানের ক্ষেত্রে স্থায়ী নিয়মিত সদস্যদেরকে তাহাদের নাম ও ঠিকানা ইনস্টিটিউটের সদস্য রেজিস্টার হইতে সংগ্রহ করিয়া সাধারণ সভা অনুষ্ঠিত হইবার কমপক্ষে ১৪ (চৌদ্দ) দিনের পূর্বে ডাকযোগে সদস্যদের নিকট পাঠাইতে হইবে। এই অনুচ্ছেদে উল্লেখিত সময় বলিতে বিজ্ঞপ্তি বিলি করিবার সময় অথবা ডাকযোগে পাঠাইবার সময়কে নির্দেশ করে, কিন্তু সভা অনুষ্ঠানের জন্য নির্দিষ্ট তারিখ এই সময়ের হিসাবের বাহিরে থাকিবে। উক্ত অনুচ্ছেদে বর্ণিত নিয়মমাফিক সভার বিজ্ঞপ্তি ডাকযোগে প্রেরণ করিবার পরও যদি কোন সদস্য উক্ত বিজ্ঞপ্তি না পাইয়া থাকেন তাহা হইলে অনুষ্ঠিতব্য সভা অবৈধ বলিয়া বিবেচিত হইবে না।

### অনুচ্ছেদ-পঁয়ত্রিশ: সভা মুলতবি

সভাপতি কোন সভায় কোরাম পূরণ না হইবার কারণে অথবা অন্য যে কোন যথোপযুক্ত কারণের প্রেক্ষিতে সভা মুলতবি ঘোষণা করিতে পারিবেন। এইরূপ মুলতবি সভার অসিদ্ধান্তকৃত বা অমিমাংসাকৃত বিষয়গুলির উপর কোরাম পূরণ না হইলেও পরবর্তী সভায় বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে, তবে এক্ষেত্রে অনুচ্ছেদ ৩৪ এ বর্ণিত বিধি মোতাবেক নতুন বিজ্ঞপ্তি প্রেরণ করিতে হইবে।

## অনুচ্ছেদ-ছত্রিশ: মুলতবি সভা পুনঃ আহ্বান

অনুচ্ছেদ ৩৫ এর বিধি মোতাবেক মুলতবিকৃত সভা ইনস্টিটিউটের সাধারণ সদস্যদের সাধারণ বা বিশেষ সভার ক্ষেত্রে, মুলতবি হইবার ৩০ দিনের মধ্যে এবং পরিচালনা পর্ষদের সভার ক্ষেত্রে ১৫ দিনের মধ্যে পুনঃ আহ্বান করা যাইতে পারে।

## অনুচ্ছেদ-সাইত্রিশ: বার্ষিক সাধারণ সভার দায়িত্ব ও কার্যাবলি

বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে দায়িত্ব ও কর্তব্য সম্পাদন করিবেন:

(১) পূর্ববর্তী বার্ষিক সাধারণ সভা এবং বিশেষ ও অতীব গুরুত্বপূর্ণ সভায় আলোচিত হয় নাই এইরূপ বিষয়ের কার্যবিবরণী স্থির করা।

(২) ইনস্টিটিউটের গোটা বৎসরের কার্যক্রম ও প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন করা সহ পূর্ববর্তী বৎসরের নিরীক্ষাকৃত ইনস্টিটিউটের হিসাব নিকাশের প্রতিবেদন অনুমোদন করা।

(৩) সাধারণ সদস্য কর্তৃক আনীত অনাস্থা প্রস্তাব ব্যতিত অন্য কোন বিষয় বা প্রস্তাব বিবেচনা করা, অবশ্য ঐ বৎসরের ৭ই ডিসেম্বরের মধ্যে উক্ত বিষয়টি অবশ্যই সাধারণ সম্পাদক বরাবরে প্রেরণ করিতে হইবে।

(৪) প্রয়োজনবোধে ইনস্টিটিউটের সংবিধানের শর্ত বিধি ও উপবিধির পরিবর্তন ও সংশোধন করিতে পারিবে, তবে শর্ত যে ইহা কার্যতালিকায় (এজেন্ডায়) উল্লেখ করিতে হইবে। সেই সঙ্গে অনুচ্ছেদ-৩৩, দফা-৪ এ লিপিবদ্ধকৃত বিষয় দেখা যাইতে পারে।

## অনুচ্ছেদ-আটত্রিশ: পরিচালনা পর্ষদের নির্বাচন

সাধারণতঃ পরিচালনা পর্ষদের সদস্যদের নির্বাচন প্রতি তিন বৎসরে এক বার অনুষ্ঠিত হইবে। এই নির্বাচন ঐ বৎসর ফেব্রুয়ারি মাসে ইনস্টিটিউটের স্থায়ী যোগ্য সদস্যদের সাধারণ সভায় অনুষ্ঠিত হইবে। অনুচ্ছেদ-৪০ এ নির্বাচনের নিয়ম-নীতি উল্লেখ আছে। কিন্তু বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে এবং ইনস্টিটিউটের বৃহত্তর স্বার্থে, নির্বাচন সংক্রান্ত আহুত কোন সভায় পরিচালনা পর্ষদ যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে নির্বাচনের সময় দুই মাস অধিক বাড়াইতে পারিবেন। অর্থাৎ ঐ বৎসরের এপ্রিল মাসে নির্বাচন হইবে এবং সেই ক্ষেত্রে সদস্যদের পুরো চাঁদা ফেব্রুয়ারি অথবা মার্চ ৭ই ফেব্রুয়ারি অথবা মার্চের মধ্যে প্রদান করিতে হইবে এবং এই ক্ষেত্রে সদস্যদেরকে বিজ্ঞপ্তি প্রদানের নিয়ম অনুচ্ছেদ-১৮'র দফা "খ" মোতাবেক অনুমোদন করিতে হইবে।

## অনুচ্ছেদ-উনচল্লিশ: ভোট

ইনস্টিটিউটের সাধারণ সদস্যদের দ্বারা ব্যালটের মাধ্যমে পরিচালনা পর্ষদের সদস্যদের নির্বাচন সম্পন্ন হইবে। অন্যান্য সকল ক্ষেত্রে এই ভোট প্রয়োগ ব্যালট অথবা অন্য কোন উপায়ে, উপস্থিত সদস্যরা স্ব স্ব হাত তুলিয়া তাহাদের সম্মতি পূর্বক যাহা সিদ্ধান্ত নিবেন সেভাবেই করিতে পারিবেন।



## অনুচ্ছেদ-চল্লিশ: পরিচালনা পর্ষদের নির্বাচন নীতি

সভাপতি অথবা সভাপতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত একজন ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা তাঁহার অনুপস্থিতিতে শ্রেষ্ঠত্বেরক্রম অনুসারে একজন সহ-সভাপতি নির্বাচন সংক্রান্ত সভায় সভাপতিত্ব করিবেন।

এইরূপ নির্বাচনী সভায় সভাপতিত্বকারী কর্মকর্তার নির্দেশনায়, তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাচন শেষে তাঁহার উপস্থিতিতে ভোট গণনা করা হইবে এবং তিনি খোলাখুলিভাবে নির্বাচন ফলাফল ঘোষণা করিবেন এবং এই ব্যাপারে তাহার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। নির্বাচনের এই ফলাফল কার্যবিবরণীর বহিতে লিপিবদ্ধ থাকিবে।

## অনুচ্ছেদ-একচল্লিশ: পরিচালনা পর্ষদের সদস্য পদের জন্য যাহারা প্রার্থী হইতে পারিবেন

এই ইনস্টিটিউটের এক বৎসরের অধিক সময় হইতে ভোটাধিকার প্রাপ্ত নিয়মিত স্থায়ী যোগ্য সদস্য এবং সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান পাশ শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন যে কোন সদস্য যদি ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে আগ্রহী হন তাহা হইলে একজন প্রস্তাবকারী ও একজন সমর্থনকারী দুইজন যোগ্য সদস্যের স্বাক্ষর সম্বলিত নির্ধারিত মনোনয়ন পত্র (যথা পরিশিষ্ট-১১) সিলকৃত খামে অথবা রেজিষ্ট্রী ডাকযোগে নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে দশ দিন পূর্বে ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক বরাবরে প্রেরণ করিতে হইবে। কোন প্রার্থী পর পর ০২ (দুই) বারের বেশি পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন না। তবে ০১ (এক) বার বিরতি দিয়ে পুনরায় পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন।

## অনুচ্ছেদ-বিয়াল্লিশ: মনোনয়নপত্র বাছাই

দাখিলকৃত অথবা রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরিত মনোনয়নপত্র ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক, সভাপতির উপস্থিতিতে অথবা সভাপতি কর্তৃক মনোনীত একজন ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের উপস্থিতিতে মনোনয়নপত্র গ্রহণের শেষ তারিখের তিন দিনের মধ্যে খুলিবেন এবং এই সকল মনোনয়নপত্র সভাপতি অথবা তাঁহার মনোনীত ব্যক্তি বাছাই করিবেন। মনোনয়নপত্র বাছাই ও যাচাইয়ের সময় সংশ্লিষ্ট প্রার্থী অথবা তাঁহার প্রস্তাবক অথবা সমর্থক এবং সাধারণ সম্পাদক কেবলমাত্র উপস্থিত থাকিবার অধিকার সংরক্ষণ করেন। সভাপতি অথবা তাঁহার মনোনীত ব্যক্তি (যেটি প্রযোজ্য) মনোনয়নপত্র সংক্রান্ত কোন প্রার্থীর বিরুদ্ধে আপত্তি শ্রবণ করিবেন (যদি থাকে) এবং এই ব্যাপারে তাঁহার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে। মনোনয়নপত্র দাখিলের সময়ে সাধারণ সম্পাদক মনোনয়ন যাচাই-বাছাইয়ের স্থান, তারিখ ও সময় যথাযথ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করিবেন।

## অনুচ্ছেদ-তিতাল্লিশ: মনোনয়নপত্র প্রত্যাহার

যাচাই সাপেক্ষে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ ও যথার্থ প্রতীয়মান হইলে উক্ত প্রার্থী নির্বাচনের পাঁচ দিন পূর্বে সাধারণ সম্পাদক বরাবরে লিখিত আবেদনপত্রের মাধ্যমে তাহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন।

## অনুচ্ছেদ-চুয়াল্লিশ: নির্বাচন তালিকা প্রণয়ন

সাধারণ সম্পাদক সাধারণতঃ পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে নির্বাচন অনুষ্ঠিতব্য বৎসরের ১৫ই জানুয়ারির মধ্যে যোগ্য সদস্যদের নাম ঠিকানাসহ প্রাথমিক ভোটার তালিকা প্রণয়ন করিবেন এবং পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত ভোটার তালিকা ইনস্টিটিউটের তিন বিভাগীয় শাখায় বিজ্ঞপ্তি বোর্ডে ঝুলাইয়া দিবেন। প্রাথমিক ভোটার তালিকার বিরুদ্ধে কোন ওজর আপত্তি থাকিলে পরিচালনা পর্ষদ উহা শুনানীর জন্য আবেদনপত্র গ্রহণের শেষ দিন নির্দিষ্ট করিয়া দিবেন। পরিচালনা পর্ষদ পূর্ব নির্দিষ্ট দিনে অভিযোগকারীকে যথাযথ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করিবার পর অভিযোগ শ্রবণ করিবেন। সাধারণ সম্পাদক অতঃপর ঐ বৎসরের ৩০শে জানুয়ারির মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে প্রণয়ন করিবেন। উক্ত চূড়ান্ত ভোটার তালিকার অনুলিপি প্রস্তুত করিবেন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত মূল্যে সদস্যদের মধ্যে বিতরণ করিবেন। ইনস্টিটিউটের সংবিধানের আটত্রিশ অনুচ্ছেদে বর্ণিত বিধান সাপেক্ষে পরিচালনা পর্ষদের নির্বাচনের মাস ও তারিখ পরিবর্তন হইলে সেই মোতাবেক প্রাথমিক চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশের তারিখ পরিবর্তিত হইবে। চূড়ান্ত ভোটার তালিকার বিরুদ্ধে কোনভাবে অথবা কোন সময় অভিযোগ উত্থাপন করা যাইবে না।

## অনুচ্ছেদ-পঁয়তাল্লিশ: অফিসকার্য নির্বাহকদের নির্বাচন পদ্ধতি

সভাপতি কর্তৃক বিশেষভাবে আহূত পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্য হইতে নিম্নলিখিত অফিসকার্য নির্বাহকগণ নির্বাচিত হইবেন: তিন জন সহ-সভাপতি, এক জন সাধারণ সম্পাদক, দুই জন সহকারী সাধারণ সম্পাদক এবং তিন জন বিভাগীয় সম্পাদক।

## অনুচ্ছেদ-ছেচল্লিশ: ক্ষেত্র বিশেষে ভোট প্রদান সমান সমান হওয়ায় অনুসৃত নীতি

উভয়পক্ষের সমান সংখ্যা ভোটের ক্ষেত্রে সভার সভাপতি তাহার নিজস্ব ভোটাধিকার প্রয়োগ করিবেন।

## অনুচ্ছেদ-সাতচল্লিশ: পরিচালনা পর্ষদ কর্তৃক দায়িত্ব অর্পণ

নতুন পরিচালনা পর্ষদের নির্বাচনের পরের দিন বিদায়ী পরিচালনা পর্ষদের সকল সদস্য তাহাদের স্ব স্ব দায়িত্ব সভাপতি অথবা তাহার মনোনীত ব্যক্তির নিকট অর্পন করিবেন। সভাপতি নির্বাচনের ১৫ দিনের মধ্যে নবনির্বাচিত পরিচালনা পর্ষদের সদস্যদের লইয়া ইনস্টিটিউটের অফিসকার্য নির্বাহকদের নির্বাচনের জন্য ৭ দিনের সময় দিয়া বিজ্ঞপ্তি প্রদান করিয়া সভা আহ্বান করিবেন। উক্তরূপে নির্বাচিত অফিসকার্য নির্বাহকগণ সভাপতি অথবা তাহার মনোনীত ব্যক্তির নিকট হইতে তাহাদের স্ব স্ব দায়িত্ব গ্রহণ করিবেন।

## অনুচ্ছেদ-আটচল্লিশ: অনাস্থা

(ক) অনুচ্ছেদ-৩১ এ বর্ণিত বিধান সাপেক্ষে কোন বিশেষ অথবা অধিযাচনকৃত সভায় পরিচালনা পর্ষদ অথবা উহার যে কোন একজন অফিসকার্য নির্বাহকের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়ন করা যাইবে।



(খ) পরিচালনা পর্ষদের কোন সদস্য যদি অফিসকার্য নির্বাহকদের বিরুদ্ধে অনাস্থা উত্থাপন করিতে চাহেন তাহা হইলে তিনি উক্তরূপ অনাস্থা প্রস্তাব অনুচ্ছেদ-৩২ এ সংযুক্ত বিধিমালা সাপেক্ষে আনয়ন করিতে পারিবেন।

(গ) বক্ষ্যমান অনুচ্ছেদ দফা (ক) এ বর্নিত অনাস্থা প্রস্তাব কেবল মাত্র তখনই অনুমোদন করা যাইবে যখন উক্ত অনাস্থা প্রস্তাব ইনস্টিটিউটের উপস্থিত যোগ্য সদস্যের দুই-তৃতীয়াংশ সমর্থন করিবেন এবং এই অনুচ্ছেদের দফা (খ) এর ক্ষেত্রে চৌদ্দ জন সদস্যের সমর্থনে অনাস্থা প্রস্তাব অনুমোদন করা যাইবে।

## অনুচ্ছেদ-উনপঞ্চাশ: শৃঙ্খলা সম্পর্কীয় শাস্তিমূলক ব্যবস্থা

(১) ইনস্টিটিউটের কোন সদস্যের নৈতিক হীনতা, অসামাজিক কার্যকলাপে সরাসরি সম্পৃক্ততা অথবা ইনস্টিটিউটের স্বার্থের পরিপন্থী কোন কর্মে সংযুক্তি এবং সংবিধানের কোন ধারা, অথবা কোন বিধি বা আইন অমান্যজনিত আচরণের পরিপ্রেক্ষিতে পরিচালনা পর্ষদ সংশ্লিষ্ট সদস্যকে সাময়িকভাবে অপসারণ অথবা অন্য যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। তবে শর্ত থাকে যে, যে কার্যের জন্য অভিযোগ উপস্থাপিত হইয়াছে বা যে অপরাধ দৃষ্টিগোচরে আসিয়াছে, তাহা তিন সদস্য বিশিষ্ট মনোনীত কমিটি পূর্ণাঙ্গ তদন্ত করিবেন। এই তদন্ত কমিটিতে সাধারণ সদস্যদের মধ্য হইতে দুই জন সদস্য পরিচালনা পর্ষদ মনোনয়ন করিবেন এবং সভাপতি তৃতীয় সদস্যকে উক্ত কমিটির চেয়ারম্যান হিসাবে মনোনীত করিবেন। এইরূপ তদন্ত কমিটি গঠিত হইবার এক মাসের মধ্যে অভিযোগ তদন্ত করিবেন এবং প্রাপ্ত তথ্য সহ-সাধারণ সম্পাদক বরাবরে প্রতিবেদন দাখিল করিবেন। বিষয়টি সিদ্ধান্তের জন্য গঠিত কমিটি উদ্‌ঘাটিত তথ্য প্রতিবেদন দাখিলের তারিখ হইতে এক মাসের মধ্যে পরিচালনা পর্ষদে উপস্থাপন করিবেন। অনুচ্ছেদ-৪৯ এ বর্ণিত বিধি মোতাবেক কোন সদস্যকে শাস্তি প্রদান করিলে, শাস্তি প্রাপ্ত সদস্য পরবর্তী সাধারণ সভায় শাস্তি পুনঃবিবেচনার জন্য আপীল করিতে পারিবেন। এইরূপ আপীলের ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যকে কমপক্ষে পাঁচ জন স্থায়ী যোগ্য সাধারণ সদস্যের সমর্থনে শাস্তি প্রাপ্তির তারিখ হইতে ষাট দিনের মধ্যে সাধারণ সম্পাদক বরাবরে আবেদন করিতে হইবে।

(২) এই অনুচ্ছেদের উপরে উল্লিখিত উপ-দফা মোতাবেক কোন নির্দিষ্ট সময়ের জন্য সদস্য সাময়িকভাবে তাহার সদস্যপদ হইতে অপসারিত হইলে পূর্ণ অপসারিত সময়ের পাওনা পরিশোধ সাপেক্ষে তাহার সদস্যপদ পূর্ব স্থিতি লাভ করিবে। পূর্ণ অপসারিত সময়ের সমুদয় পাওনা পরিশোধ না করিলে তাহার শাস্তি সমাপ্ত হইবার পর হইতে উক্ত সদস্য ঐ দিনে নতুন সদস্য হিসাবে পরিচিত হইবে।

(৩) উল্লেখিত ৪৯ অনুচ্ছেদের উপ-দফা (১) মোতাবেক কোন সদস্যকে তাহার সদস্যপদ হইতে অপসারিত করিলে তাহার এই অপসারণ আদেশ প্রাপ্তির দিন হইতে পাঁচ বৎসর সময়কাল অতিক্রান্ত হইলে উহা আর আইনগতভাবে কার্যকর

থাকিবে না এবং সংশ্লিষ্ট সদস্য সংবিধানের ১২ অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক পুনঃ ভর্তি হইতে পারিবেন এবং যে অপরাধে তিনি শাস্তি প্রাপ্ত হইয়াছিলেন উহা এখন তাহার পুনঃ ভর্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করিবে না।

### অনুচ্ছেদ-পঞ্চাশ: সংবিধানের সংশোধন

সংবিধানের কোন অনুচ্ছেদ, নিয়ম, উপধারা পরিবর্তন সংশোধন, আংশিক রদ-বদল, বিলুপ্তি অথবা কোন নিয়মের বিকল্প সংযোজন ঘটাইতে চাহিলে উপস্থিত সাধারণ সদস্যের দুই-তৃতীয়াংশের সম্মতি থাকিতে হইবে। প্রস্তাবিত সংশোধন রদ বদল সংক্রান্ত বিষয় সভার বিজ্ঞপ্তিসহ পূর্ণাঙ্গরূপে প্রচার করিতে হইবে। সাধারণ সদস্য কর্তৃক প্রস্তাবিত ও সম্পাদিত এইরূপ প্রস্তাব ডিসেম্বরের ০৭ তারিখ অথবা তাহার পূর্বে সাধারণ সম্পাদক বরাবরে পৌছাতে হইবে।

### অনুচ্ছেদ-একান্ন: ইনস্টিটিউটের সম্পত্তির ব্যবস্থাপনা, পরিচালনা ও হস্তান্তর

#### দফা

(ক) পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে সাধারণ সম্পাদক "বি সরকার হল", "আলমগীর সিদ্দিকী হল" এবং ইনস্টিটিউটের অন্যান্য বিল্ডিংয়ের উপযুক্ত ফি গ্রহণ সাপেক্ষে অন্যদের ব্যবহারের জন্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(খ) ইনস্টিটিউটের সকল বিল্ডিংয়ের সাজ-সরঞ্জাম, আসবাবপত্র, যন্ত্রপাতি এবং বইপুস্তক, বিভিন্ন সাময়িকী এবং যে সমস্ত সম্পত্তি অর্জিত হইবে এবং নির্মিত হইবে, ঐরূপ সম্পত্তি ইনস্টিটিউটের অধিকারে বর্তাইবে এবং পরিচালনা পর্ষদের পূর্ণ নিয়ন্ত্রণে থাকিবে। সাধারণ সভায় সদস্যদের অনুমোদন ব্যতিত পরিচালনা পর্ষদ এই ইনস্টিটিউটের স্থাবর সম্পত্তি, গৃহ ও তাহার লাগোয়া ভূমি বিক্রয়, ধ্বংস বা স্বত্ব হস্তান্তর করিতে পারিবে না। ইনস্টিটিউটের স্থায়ী সম্পত্তি যেমন সাজ-সরঞ্জাম, পোষাক, পর্দা ও খেলার সরঞ্জাম ইত্যাদি পরিচালনা পর্ষদের অনুমোদন ব্যতিরেকে কাহাকেও ব্যবহারের অনুমতি বা ভাড়ার মাধ্যমে সরবরাহ করা যাইবে না।

### অনুচ্ছেদ-বায়ান্ন: তহবিল

#### দফা-১

(ক) পরিচালনা পর্ষদের অনুমোদন মোতাবেক ইনস্টিডিটের তহবিল বা মুলধন যশোর প্রধান ডাকঘর অথবা নির্দিষ্ট ব্যাংকে জমা রাখিতে হইবে। ইনস্টিটিউটের নামে তহবিলের হিসাব খোলা ও সংরক্ষণ করিতে হইবে।

(খ) যশোর ইনস্টিটিউট পাবলিক লাইব্রেরির নামে একটি আলাদা হিসাব খোলা ও সংরক্ষণ করিতে হইবে।



#### দফা-২

(ক) ইনস্টিটিউটের তহবিল বা অর্থ বলিতে যাহা বুঝায় তাহা সহ-সভাপতি-১, সাধারণ সম্পাদক ও সহকারী সাধারণ সম্পাদক-১ এই তিনজনের স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।

(খ) যশোর ইনস্টিটিউট পাবলিক লাইব্রেরির তহবিল বা অর্থ সাধারণ সম্পাদক ও লাইব্রেরি সম্পাদক-এর যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।

(গ) ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের তহবিল বা অর্থ সাধারণ সম্পাদক ও সংশ্লিষ্ট বিভাগের সম্পাদক-এর যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।

### অনুচ্ছেদ-তেপান্ন: বার্ষিক বাজেট বরাদ্দ

নিম্নে বর্ণিত রিপোর্ট এবং খরচের ভিত্তিতে পরিচালনা পর্ষদ ইনস্টিটিউটের তহবিল বরাদ্দ করিবেন।

#### "ক" রশিদ

#### সাধারণ বিভাগ

(১) সাধারণ সদস্যদের ভর্তি বাবদ প্রাপ্ত রশিদ
(২) সকল জামানত
(৩) সকল ভাড়া/খাজনা
(৪) ইনস্টিটিউটের নিমিত্তে সকল অনুদান
(৫) সকল রশিদ যাহাতে কোন নির্দিষ্ট শাখা/বিভাগের দাবি অনুপস্থিত
(৬) সাধারণ সদস্যদের দেয় মাসিক চাঁদা ৯ (নয়) টাকা

#### লাইব্রেরি বিভাগ

(১) সংশ্লিষ্ট শাখা/বিভাগের ভর্তি ফি বাবদ প্রাপ্ত রশিদ
(২) সাধারণ সদস্য কর্তৃক দেয় মাসিক চাঁদা ৬ (ছয়) টাকা
(৩) এই লাইব্রেরির নিমিত্তে সকল প্রকার অনুদান
(৪) এই শাখার অন্যান্য রশিদ

#### ক্রীড়া সংসদ

(১) এই শাখা/বিভাগের সদস্যদের ভর্তি ফি বাবদ প্রাপ্ত রশিদ
(২) সাধারণ সদস্যদের দেয় মাসিক চাঁদা ৯ (নয়) টাকা
(৩) এই শাখা/বিভাগের জন্য প্রযোজ্য এমন সমুদয় অনুদান
(৪) এই শাখা/বিভাগের অন্যান্য প্রাপ্ত রশিদ

### নাট্যকলা সংসদ

(১) এই শাখা/বিভাগের সদস্যদের ভর্তি ফি বাবদ প্রাপ্ত রশিদ
(২) সাধারণ সদস্যদের দেয় মাসিক চাঁদা ৬ (ছয়) টাকা
(৩) এই শাখা/বিভাগের জন্য প্রযোজ্য এমন সমুদয় অনুদান
(৪) এই শাখা/বিভাগের অন্যান্য প্রাপ্ত রশিদ

### "খ" খরচ

(১) পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সাধারণ শাখা/বিভাগ কর্তৃক প্রাপ্ত অর্থ সাধারণ শাখা/ বিভাগের খরচ সংকুলান বাদ দিয়া বাকি অর্থ ইনস্টিটিউটের অন্যান্য শাখা/বিভাগের বরাদ্দ করিতে হইবে।

(২) ইনস্টিটিউটের এ্যাকাউন্টে সর্বদাই ন্যূনতম ১,০০০ টাকার পরিমাণ স্থিতি থাকিতে হইবে। জরুরি পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সভাপতির সম্মতি গ্রহণ করিয়া পরিচালনা পর্ষদ এই নিয়ম রদ বদল করিতে পারিবেন।

(৩) কোন নির্দিষ্ট শাখা/বিভাগের প্রাপ্ত রশিদের অর্থ ঐ শাখা/বিভাগের জন্য ব্যয় করিতে হইবে।

### অনুচ্ছেদ-চুয়ান্নঃ মোকদ্দমা ও আইনগত কার্যক্রম

ইনস্টিটিউটের সম্পত্তির সঙ্গে সম্পৃক্ত কোন মোকদ্দমা এবং মামলা অথবা আইনগত কার্যক্রমের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন লাভ করিয়া সম্পত্তি রক্ষায় ইনস্টিটিউটের রায়তদের নিকট হইতে ভাড়াসহ এই ইনস্টিটিউটের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সংরক্ষণের স্বার্থে সাধারণ সম্পাদক কোন মোকদ্দমা রুজ করিতে বা ইনস্টিটিউটের বিরুদ্ধে রুজুকৃত কোন মামলা প্রতিরক্ষা করিবার যোগ্য অধিকার সংরক্ষণ করিবেন এবং এই উদ্দেশ্যে যে কোন আইনজীবী বা আইনজীবীদের পারিতোষিকের বিনিময়ে নিয়োগ করিতে পারিবেন।

### অনুচ্ছেদ-পঞ্চান্নঃ সংবিধানের কার্যকারিতা

এই সংবিধান ০১-০৭-২০১৭ তারিখ হইতে কার্যকর হইবে।

### অনুচ্ছেদ-ছাপান্নঃ বিলুপ্তি

যশোর ইনস্টিটিউট অপরিহার্য ভাবেই গণউন্নয়নমূলক সংস্থা এবং এই ইনস্টিটিউট কোন সময় লুপ্ত হইলে, ইহার সমুদয় সম্পত্তি এই ইনস্টিটিউটের নিয়মিত স্থায়ী সদস্যের ২/৩ সংখ্যাগরিষ্ঠ সদস্য কর্তৃক সিদ্ধান্তের (রেজুলেশনের) মাধ্যমে আয়কর আইনের ১৫ (ঘ) ধারা মোতাবেক একই জাতীয় যশোরের অন্য কোন গণউন্নয়নমূলক সংস্থায় প্রদান করিতে হইবে।



### পরিশিষ্ট-১

**যশোর ইনস্টিটিউটের সদস্য তালিকাভুক্তির আবেদনপত্র**

বরাবর,
সাধারণ সম্পাদক
যশোর ইনস্টিটিউট, যশোর।

মহাত্মন,
আমি.......................................................বিভাগের সদস্য/সদস্যা হইতে আগ্রহী এবং আমি এই মর্মে সম্মতি প্রদান করিতেছি যে, এই প্রতিষ্ঠানের সকল নিয়ম-কানুন মানিয়া চলিবো।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরঃ.............................................

তারিখঃ.............................................

**সদস্য/সদস্যার পূর্ণ বিবরণ**

পূর্ণ নামঃ.........................................................................................

পিতার নামঃ.......................................................................................
মাতার নামঃ.......................................................................................
জন্ম তারিখঃ..................................জাতীয়তা.........................................
(সংযুক্তঃ এইচএসসি/উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদপত্রের সত্যায়িত ফটোকপি অথবা স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক ক্ষেত্রে অবদানের স্বীকৃতি পত্র)
বর্তমান ঠিকানাঃ.................................................................................
.......................................................................................................
স্থায়ী ঠিকানাঃ...................................................................................
.......................................................................................................

**প্রস্তাবকারী সদস্যের নাম ও সদস্য পদ নং**

নাম:.....................................................সদস্য পদ নং:.....................

**সমর্থনকারী সদস্যের নাম ও সদস্য পদ নং**

নাম:.....................................................সদস্য পদ নং:.....................

পরিশিষ্ট-২

সূত্রঃ অনুচ্ছেদ নং-৪১

॥ মনোনয়নপত্র ॥

বরাবর
সাধারণ সম্পাদক
যশোর ইনস্টিটিউট, যশোর।

মহাত্মন,
আমি.......................................................................................
যশোর ইনস্টিটিউটের .........................................সদস্য।
আগামী...................................তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনে পরিচালনা পর্ষদের সদস্য প্রার্থী হিসাবে নাম প্রস্তাব করিতেছি। প্রস্তাব একজন যোগ্য সদস্য কর্তৃক সমর্থিত হইয়াছে। প্রস্তাবসহ প্রস্তাবিত প্রার্থীর স্বাক্ষর তাহার সম্মতির মতামত স্বরূপ নিম্নে উপস্থাপিত হইল।

প্রস্তাবকারীর স্বাক্ষর:....................................................................
ভোটার নং:......................................সদস্য পদ নং:.............................
আমি উপরোক্ত প্রস্তাব সমর্থন করি।
সমর্থনকারীর স্বাক্ষর:....................................................................
ভোটার নং:......................................সদস্য পদ নং:.............................

| প্রস্তাবিত প্রার্থীর নাম | সদস্য পদ নং | ভোটার নং | প্রস্তাবিত সদস্যের স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |

**বিঃ দ্রঃ-সকল ঘর অবশ্যই পূরণ করিতে হইবে। কোন তথ্য উহ্য, মোছন, পরিবর্তন অথবা দুইবার লিখিত হইলে মনোনয়নপত্র বৈধ বলিয়া গণ্য হইবে না।**



যশোর ইনস্টিটিউট, যশোর

## সংশোধিত অনুচ্ছেদ ও সিদ্ধান্তসমূহ

### অনুচ্ছেদ পাঁচ: সদস্যপদ

**দফা:**

(ক) **দাতাসদস্যঃ** যে কোন ব্যক্তি, যিনি এই প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা বা তাহার অধিক আর্থিক সাহায্য প্রদান করিবেন তিনি দাতা সদস্য পদে যোগ্য বিবেচিত হইবেন। এই প্রক্রিয়ায় অর্জিত দাতা সদস্য-এর মৃত্যুর পর তাহার আইনগত উত্তরাধীকারী এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সমুদয় সুযোগ সুবিধা ও অধিকার ভোগ করিবেন।

(খ) **আজীবনসদস্যঃ** যে কোন ব্যক্তি, যিনি এই প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নে এককালীন ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা বা তাহার অধিক আর্থিক সাহায্য প্রদান করিবেন তিনি আজীবন সদস্য পদে যোগ্য বিবেচিত হইবেন এবং তাহার জীবদ্দশায় কেবল এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সকল অধিকার, সুযোগ সুবিধা ভোগ করিবেন।

(গ) **সাধারণসদস্যঃ** এই প্রতিষ্ঠানে ভর্তি ফি বাবদ ২০০ (দুইশত) টাকা, জামানত বাবদ ৫০০ (পাঁচশত) টাকা এবং মাসিক চাঁদা ৩০ (ত্রিশ) টাকা প্রদান এবং এই প্রতিষ্ঠানের সাধারণ দিক নির্দেশনা ও সদস্য মনোনয়নের বিধিমালা মোতাবেক যে কোন ব্যক্তি সদস্যপদ লাভ করিতে পারিবেন।

(ঘ) **বিভাগীয় সদস্যঃ** যে কোন ব্যক্তি নিম্নে বর্ণিত হারে ভর্তি ফি ও একমাসের মাসিক চাঁদা প্রদানের মাধ্যমে এই প্রতিষ্ঠানের যে কোন একটি নির্দিষ্ট বিভাগের বা শাখার সদস্যপদ লাভ করিতে পারিবেন।

| বিভাগ বা শাখার নাম | ভর্তি ফি'র হার | মাসিক চাঁদার হার |
|---|---|---|
| লাইব্রেরি বিভাগ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |
| ক্রীড়া সংসদ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |
| নাট্যকলা সংসদ | ২০০ (দুইশত) টাকা | ২০ (বিশ) টাকা |

(চ) দাতা সদস্য, জীবন সদস্য এবং সাধারণ সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি/সমমান থাকা বাধ্যতামূলক।

### অনুচ্ছেদ-দশ: জামানত (কশনমানি)

**দফা**

(১) সাধারণ বিভাগ, লাইব্রেরি বিভাগ, ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের ভর্তি ফি বাবদ ২০০ (দুইশত) টাকা এবং জামানত বাবদ সাধারণ বিভাগ ও লাইব্রেরি বিভাগের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের জন্য ২০০ (দুইশত) টাকা প্রদান করিতে হইবে এবং বিভাগ ওয়ারি সদস্যবৃন্দের জন্য মাসিক চাঁদা ২০ (বিশ) টাকা প্রদান করিতে হইবে। কেবলমাত্র লাইব্রেরি বিভাগের দরিদ্র ছাত্র/ছাত্রীদের জন্য এই জামানত সাধারণ সম্পাদকের অনুমোদনক্রমে কম গ্রহণ করা যাইবে, তবে কোনক্রমেই ৩০০ (তিনশত) টাকার কম হইবেনা।

# যশোর ইনস্টিটিউট, যশোর
# Jashore Institute, Jashore

Estd- 1928 Reg. No- 2754

15/M.M.ALI ROAD, KOTWALI, JASHORE-7400, BANGLADESH, Phone : 02477-761243, Web: jashoreinstitute.org.bd, E-mail: institutejashore@gmail.com

A MULTILATERAL CULTURAL AND EDUCATIONAL ORGANIZATION

## অনুচ্ছেদ-তেত্রিশ: কোরাম

(১) যশোর ইনস্টিটিউটের বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা অথবা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভাসমূহে ভোটাধিকার রহিয়াছে এমন সদস্যের শতকরা ১০ ভাগ উপস্থিত থাকিলে কোরাম পূর্ণ হইয়াছে এবং পরিচালনা পর্ষদ ও বিভাগীয় কমিটি সভার ক্ষেত্রে সংখ্যাগরিষ্ট সদস্য উপস্থিত থাকিলে কোরাম পূর্ণ হইয়াছে বলিয়া গণ্য করা হইবে।

(২) পরিচালনা পর্ষদের সভা আহ্বানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের মোট সদস্য এর ১/৩ ভাগ সদস্য সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠন করিতে পারিবেন।

(৩) বিভাগীয় কমিটির ক্ষেত্রে বিভাগীয় কমিটির মোট সদস্যের ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠিত হইবে।

(৪) যে কোন সাধারণ সভায় সংবিধানের কোন অনুচ্ছেদ, নিয়ম, উপধারা, পরিবর্তন, সংশোধন, আশিংক রদ-বদল, বিলুপ্তি অথবা কোন নিয়মের বিকল্প সংযোজন ঘটাইতে চাহিলে মোট উপস্থিত সদস্যের সংখ্যা গরিষ্ঠের সম্মতি থাকিতে হইবে।

(৫) পরিচালনা পর্ষদের কোন সদস্যের বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাবের উপর কোন বিশেষ আলোচনার ক্ষেত্রে উক্ত পরিষদের মোট সদস্যের ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।

## অনুচ্ছেদ-একচল্লিশ: পরিচালনা পর্ষদের সদস্য পদের জন্য যাহারা প্রার্থী হইতে পারিবেন

এই ইনস্টিটিউটের এক বৎসরের অধিক সময় হইতে ভোটাধিকার প্রাপ্ত নিয়মিত স্থায়ী যোগ্য সদস্য এবং সর্বনিম্ন এইচ.এস.সি/সমমান পাশ শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন যে কোন সদস্য যদি ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে আগ্রহী হন তাহা হইলে একজন প্রস্তাবকারী ও একজন সমর্থনকারী দুইজন যোগ্য সদস্যের স্বাক্ষর সম্বলিত নির্ধারিত মনোনয়নপত্র (যথা পরিশিষ্ট-১১) সিলকৃত খামে অথবা রেজিষ্ট্রী ডাকযোগে নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে দশ দিন পূর্বে ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক বরাবরে প্রেরণ করিতে হইবে। কোনপ্রার্থী পর পর ০২ (দুই) বারের বেশি পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন না। তবে ০১ (এক) বার বিরতি দিয়ে পুনরায় পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন।

## অনুচ্ছেদ-বায়ান্ন: তহবিল
### দফা-২

(ক) ইনস্টিটিউটের তহবিল বা অর্থ বলিতে যাহা বুঝায় তাহা সহ-সভাপতি-১, সাধারণ সম্পাদক ও সহকারী সাধারণ সম্পাদক-১ এই তিনজনের স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।

(খ) যশোর ইনস্টিটিউট পাবলিক লাইব্রেরির তহবিল বা অর্থ সাধারণ সম্পাদক ও লাইব্রেরি সম্পাদক-এর যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।

(গ) ক্রীড়া সংসদ ও নাট্যকলা সংসদের তহবিল বা অর্থ সাধারণ সম্পাদক ও সংশ্লিষ্ট বিভাগের সম্পাদক-এর যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হইবে।



## সংশোধন পূর্ব অনুচ্ছেদ ও সিদ্ধান্তসমূহ
### অনুচ্ছেদ পাঁচ ঃ সদস্যপদ

চাঁদা ও দানের হারের উপর ভিত্তি করিয়া এই প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) শ্রেণির সদস্য থাকিবে। দাতা, আজীবন, সাধারণ, বিভাগীয় ও অবৈতনিক।
উপরোক্ত শ্রেণির সদস্যের স্ব স্ব সুযোগ সুবিধা নিম্নে বর্ণিত হইল।

### ঃ দফা ঃ

(ক) দাতা সদস্য যে কোন ব্যক্তি, যিনি এই প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে ৫ (পাঁচ) হাজার বা তাহার অধিক টাকা এককালীন দান করিবেন। তিনি নিম্নে ধার্য্য শর্ত সাপেক্ষে দাতা সদস্য হইবার যোগ্যতা সংরক্ষন করিবেন। এই প্রক্রিয়ায় অর্জিত দাতা সদস্য-এর মৃত্যুর পর তাহার আইনগত উত্তরাধিকারী অত্র প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সমুদয় সুযোগ সুবিধা ও অধিকার ভোগ করিবেন।
এই প্রতিষ্ঠানের দুইজন প্রধান দাতা রয়িাছেনঃ যাঁহাদের বদান্যতার ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত এবং বিকাশ লাভ করিয়াছে। তাহারা হইলেন মেসার্স বি. সরকার এবং এ.সি. সরকার, এ্যাডভোকেট, যশোর। এই ব্যক্তিদ্বয় অথবা তাহাদের অবর্তমানে তাহাদের প্রত্যেকের একজন মনোনীত আইনগত উত্তরাধিকারী এই প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সমুদয় অধিকার ও সুযোগ সুবিধা ভোগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। উল্লেখ্য, আইনগত উত্তরাধিকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) আজীবন সদস্য ঃ যে সকল ব্যক্তি, যিনি অত্র প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নে এককালিন দুই হাজার পাঁচশত বা তাহার অধিক আর্থিক সাহায্য প্রদান করিবেন তিনি আজীবন সদস্য পদে যোগ্য বিবেচিত হইবেন এবং তাহার জীবদ্দশায় কেবল অত্র প্রতিষ্ঠানের একজন যোগ্য সাধারণ সদস্যের সকল অধিকার, সুযোগ সুবিধা ভোগ করিবেন।

(গ) সাধারণ সদস্য ঃ ভর্তি ফি বাবদ ২৫.০০ (পঁচিশ) টাকা ও মাসিক ১০.০০ (দশ) টাকা চাঁদা প্রদান সাপেক্ষে এবং অত্র প্রতিষ্ঠানের সাধারণ দিক নির্দেশনা ও সদস্য মনোনয়নের বিধিমালা সাপেক্ষে যে কোন ব্যক্তি সাধারণ সদস্যপদ লাভ করিতে পারিবেন।

(ঘ) বিভাগীয় সদস্য ঃ যে কোন ব্যক্তি নিম্নে বর্ণিত হারে ভর্তি ফি ও মাসের মাসিক চাঁদা প্রদানের মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের যে কোন একটি নির্দিষ্ট বিভাগের বা শাখার সদস্য পদ লাভ করিতে পারিবেন।

| বিভাগ বা শাখার নাম | ভর্তি ফি'র হার | মাসিক চাঁদার হার |
|---|---|---|
| গ্রন্থাগার বিভাগ | ২৫/- (পঁচিশ টাকা) | ৫/- (পাঁচ টাকা) |
| ক্রীড়া বিভাগ | ২৫/- (পঁচিশ টাকা) | ৫/- (পাঁচ টাকা) |
| নাটক বিভাগ | ২৫/- (পঁচিশ টাকা) | ৫/- (পাঁচ টাকা) |

(ঙ) অবৈতনিক সদস্য ঃ অবৈতনিক সদস্যপদ অত্র প্রতিষ্ঠানের "পরিচালনা পর্ষদ" জাতীয়তা নির্বিশেষে বা জাতিগত সীমাবদ্ধতার উর্দ্ধে থাকিয়া যে কোন প্রথিতযশা বিদগ্ধ ব্যক্তিকে প্রদান করিবেন।

### অনুচ্ছেদ দশ ঃ জামানত (কশন মানি)
### দফা

১। সাধারণ ও গ্রন্থাগার বিভাগের সদস্যকে ২০০/- (দুইশত) টাকা এবং ক্রীড়া বিভাগের সদস্যকে ২৫/- (পঁচিশ) টাকা জামানত স্বরূপ অর্থ ভর্তিকালে ভর্তি ফি ও চাঁদার সাথে প্রদান করিতে হইবে। কেবলমাত্র পাঠাগার বিভাগের দরিদ্র ছাত্রদের জন্য এই জামানত সাধারণ সম্পাদকের অনুমোদনক্রমে কম গ্রহণ করা যাইবে, তবে কোনক্রমেই ৫০/- (পঞ্চাশ) টাকার কম হইবে না।

২। সদস্যপদ চলিয়া গেলে এই জামানতের অর্থ ফিরাইয়া দেওয়া হইবে। কোন সদস্যের প্রতিষ্ঠানকে দেয় দায় দেনা যদি জামানতের অর্থের বেশী না হয় তাহা

হইলে সমানুপাতিক হারে তাহা পরিশোধযোগ্য। কিন্তু দায় দেনার অংক জামানতের অর্থের (কশন মানির) বেশী হইলে সে ক্ষেত্রে জামানতের অর্তের (কশন মানির) সমুদয় টাকা অত্র প্রতিষ্ঠানের অনুকূলে বাজেয়াপ্ত হইবে। অনুচ্ছেদ আট-এ বর্ণিত বিধিঅনুযায়ী সদস্যপদ বিলুপ্তির ৩ বৎসরের মধ্যে কোন সদস্য যদি জামানতের দাবী না করেন, তাহা হইলে ঐ রূপ অর্থ প্রতিষ্ঠানে বাজেয়াপ্ত হইবে।

## অনুচ্ছেদ তেত্রিশ ঃ কোরাম

১। ইনসটিটিউটের বার্ষিক সাধারণ সভা, অথবা বিশেষ সাধারণ সভা, অথবা অতীব গুরুত্বপূর্ণ সাধারণ সভাসমূহে ভোটাধিকার রহিয়াছে এমন সদস্যের ১/৪ ভাগ সদস্য উপস্থিত থাকিলে কোরাম পূর্ণ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। পরিচালনা পর্ষদের সভা আহ্বানের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের মোট সদস্য এর ১/৩ ভাগ সদস্য সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠন করিতে পারিবেন।

৩। বিভাগীয় কমিটির ক্ষেত্রে বিভাগীয় কমিটির মোট সদস্যের ১/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে সভার যে কোন কার্যক্রম গ্রহণের জন্য কোরাম গঠিত হইবে।

৪। যে কোন সাধারণ সভায় সংবিধানের কোন সংশোধন, অনুচ্ছেদের পরিবর্ধন ও কিঞ্চিৎ রদ-বদলের ক্ষেত্রে অথবা পরিচালনা পর্ষদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব অথবা কোন সদস্যের বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাব আলোচনার ক্ষেত্রে মোট স্থায়ী যোগ্য সদস্যের অর্ধেক সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।

৫। পরিচালনা পর্ষদের কোন সদস্যের বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাবের উপর কোন বিশেষ আলোচনার ক্ষেত্রে উক্ত পরিষদের মোট সদস্যের ২/৩ ভাগ সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।

## অনুচ্ছেদ একচল্লিশ ঃ

পরিচালনা পর্ষদের সদস্যপদের জন্য যাহারা প্রার্থী হইতে পারিবেন। অত্র ইনসটিটিউটের এক বৎসরের অধিক সময় হইতে ভোটাধিকার প্রাপ্ত নিয়মিত স্থায়ী যোগ্য সদস্য ব্যতীত অন্য কেহই ইনসটিটিউটের পরিচালনা পর্ষদের সদস্য পদের জন্য নির্বাচনে প্রার্থী হওয়ার উপযুক্ত বিবেচিত হইবেন না। এইরূপ যোগ্য প্রার্থী, যদি ইনসটিটিউটের পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশগ্রহণ করিতে আগ্রহী হন, তাহা হইলে একজন প্রস্তাবকারী ও একজন সমর্থনকারী ২ (দুই) জন যোগ্য সদস্য-এর স্বাক্ষর সম্বলিত নির্ধারিত মনোনয়ন পত্র (যথা-পরিশিষ্ট-১১) সিলকৃত খামে অথবা রেজিস্ট্রী ডাকে নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ১০ (দশ) দিন পূর্বে ইনসটিটিউটের সাধারণ সম্পাদক বরাবরে প্রেরণ করিতে হইবে।

## অনুচ্ছেদ বায়ান্ন ঃ তহবিল

### দফা-১

ক) পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে ইনসটিটিউটের তহবিল বা মূলধন যশোর প্রধান ডাকঘর অথবা নির্দিষ্ট ব্যাংকে জমা রাখিতে হইবে। ইনসটিটিউটের নামে তহবিলের হিসাব খোলা ও সংরক্ষণ করিতে হইবে।

খ) যশোর ইনসটিটিউট পাবলিক লাইব্রেরী (পাঠাগারের) নামে একটি আলাদা হিসাব খোলা ও সংরক্ষণ করিতে হইবে।

### দফা-২

ক) ইনসটিটিউটের তহবিল বা অর্থ বলিতে যাহা বুঝায় তাহা সাধারণ সম্পাদক ও একজন সহকারী সাধারণ সম্পাদক যৌথবাবে পরিচালনা করিবেন।

খ) যশোর ইনসটিটিউট পাবলিক লাইব্রেরী (পাঠাগারের) নিমিত্তে তহবিল বা অর্থ সাধারণসম্পাদক ও পাঠাগারের সম্পাদক যৌথভাবে পরিচালনা করিবেন।

গ) নাটক ও ক্লাব শাখার নিমিত্তে তহবিল বা অর্থ, সাধারণ সম্পাদক ও সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় সম্পাদক যৌথভাবে পরিচালনা করিবেন।

-----******-----





শুভেচ্ছা মূল্য ঃ ৫০ (পঞ্চাশ) টাকা